Third Lane

Special Issue #2



Prodigal Earth

A Discussion on Environment and Ecology

Sept '21

Prodigal Earth:
A Discussion on Environment and Ecology

জলবায়ু বিপর্যয়:
পরিবেশ ও বাস্তুতন্ত্র - আপন্ন জীবনের দিনলিপি

Special Series Vol. II

বিশেষ সংখ্যা - ২

©

Copyright 2021 by Third Lane Magazine

All rights reserved. No part of this document may be reproduced or utilized in any form or by any means, electronic or mechanical, including photocopying, recording, or by any information storage or retrieval systems without permission in writing from the publisher. For information, contact: thirdlane.mag@gmail.com

Issue Contributors

Essays:

Dhruba Dasgupta
Debojyoti Das
Gouranga Nandy
Dr. Nairwita Bandyopadhyay
Dhurjatiprasad Chattopadhyay
Vasundhara Bhojvaid
Ankit Prasad
Annu Jalais

Illustration:

Caroline Wampole (Cover)

Bob & Bobby

Swagata Bose

Oddbjørg Reinton

Issue Curated by:

Priyanjana Majumder

M.D. Mahasweta

Saikat Palit

Table of Contents

Editors' Note 6

Troubled Waters: Conservation Narratives from Endangered Ecosystems

পূর্ব কলকাতার জলাভূমি: শৌচ তথা নিকাশী ব্যবস্থা, কারিগরি বিদ্যা এবং ইকোলজির সমন্বয়সাধন – ধ্রুবা দাশ গুপ্ত 11

Sundarbans: The Land of Eighteen Tides – Debojyoti Das 41

পরিবেশগত উদ্বাস্তু: বাংলাদেশের সুন্দরবন সংলগ্ন জনপদে উদ্বাস্তু মানুষের ঢেউ - গৌরাঙ্গ নন্দী.....56

Storms And Droughts: The Lesson in Disasters

Dushkal: A Study In Climate Change Risk Perception From The Fields Of Gujarat – Dr. Nairwita Bandyopadhyay 72

ঝঞ্ঝা বিক্ষুব্ধ দক্ষিণবঙ্গের দুর্যোগ ব্যবস্থাপনা – ধূর্জটিপ্রসাদ চট্টোপাধ্যায় 85

Beyond Human: Re-Thinking the Climate Crisis

It's In the Air: Taking the Human-Atmospheric Relationship Seriously – Vasundhara Bhojvaid.....92

Cli-Fi: A Polemic – Ankit Prasad.....107

The Human and The Nonhuman: 'Socio-Environmental' Ecotones and Deep Contradictions In The Bengali Heartland – Annu Jalais.....125

Author Index 147

References 150

Editor's Note

Our planet is dying. Well, not entirely, but it is certainly on its way to becoming completely uninhabitable to a range of plant and animal species, human beings included. Our temperatures are rising at an alarming rate. Within the next twenty years, it is expected to rise more than 1.5 degrees Celsius above pre-industrial levels, which was the limit agreed upon by the Paris Accord of 2015. In an intricately interconnected planetary system, one thing often leads to another. So, our sea levels are also rising as the polar ice caps melt, there are disastrous wildfires in various parts of the world. While some areas are witnessing droughts, others are submerged underwater due to heavy rainfall. This isn't the first time, though. There have been significant changes in the planetary climate before, even global warming. Human civilization came around after the last ice age ended around 11,700 years ago. Then why should we be scared? Because this time around, it is an exclusively anthropogenic climate change, meaning that it is almost entirely the result of human activities. Also, it was never this fast. Climate change happened over thousands of years and even then, it would always be accompanied by mass extinctions. Indeed, according to researchers, the sixth mass extinction is well under way with species disappearing faster than ever before, restructuring our ecologies for the worse. What is awaiting us is complete chaos and potential annihilation. The COVID-19 pandemic is only a teaser to what is to come, it seems.

Since its inception in 1988, the Intergovernmental Panel on Climate Change (IPCC) has provided '…regular scientific assessments on climate change, its implications and potential future risks, as well as…adaptation and mitigation options.' The IPCC periodically produces Assessment Reports which summarise the state of 'knowledge' on climate change at that given point of time. It is currently in its sixth assessment cycle. Of the three working groups contributing to the report, the first one has released its findings and it immediately made waves across the world, in both scientific circles and among the masses. It reinforced the culpability of human activities in ushering in climate change, mostly through

indiscriminate emissions of greenhouse gases or (GHG). It stated categorically that not a single region on Earth remained untouched by these disastrous anthropogenic changes. And, if we didn't bring down GHG emissions immediately, this was it for us.

Things look bleak, but there is time yet. Even now, there are many futures open before us and our actions in the 'now' will decide where we will end up. We need to rethink our relationship to the world and the 'resources' we extract from it, recalibrating the 'value' of the environment. The capitalist celebration of unbridled consumption must be critiqued and alternative systems of production, consumption and conservation must be conceptualized while avoiding obvious pitfalls such as the rallying cry of ecofascism. We must forge new and more intersectional ways of looking at and dealing with our planet, our Prodigal Earth, taking into account identity politics as well as various forms of social inequalities. It is a daunting project with a mind-boggling range of variables, but, it needs to be attempted, urgently. Third Lane's special issue on climate change represents an attempt at thinking critically and finding solutions to this crisis, no longer looming, but present. The authors, experts in their respective fields, illustrate various pathways to the future by highlighting the effects of climate change in the present and our responses to the same. From extreme weather events like cyclones and droughts, to extraordinary natural and climate-friendly sewage treatment infrastructures in the form of the East Kolkata Wetlands, from cultural responses such as cli-fi to socio-political issues like that of climate refugees, these eight original essays present a compelling account of the strange times we are living in and possible futures, both good and bad.

The stakes have never been higher, the time has never been more right.

*****

মুখবন্ধ

পাশ্চাত্যধর্মী পলিটিকাল চিন্তাধারায় ব্যক্তিমানুষের অধিকার এতটাই গুরুত্বপূর্ণ স্থান নিয়ে নেয় যে অনেকসময়ই ব্যক্তির সাথে তার প্রতিবেশের সম্পর্কের বিষয়টি থেকে যায় অনালোচিত। সম্প্রতি উত্তর মানবিক চিন্তাধারায় যে বিষয়টি উঠে আসছে তা হলো এনথ্রোপোসেন্ট্রিক চিন্তাভাবনা থেকে সরে এসে মানুষকে এই বৃহৎ প্রাণমণ্ডলের (বায়োস্ফিয়ারের) অংশ হিসেবে ভাবা। এই চিন্তাবলম্বীদের মতে 'নেচার' এবং 'কালচার' - এই দুইয়ের মধ্যে তৈরী হওয়া বিভাজনে আদতে মনুষ্যসমাজের ক্ষতি বই লাভ কিছু হয়নি। মানুষ যদি প্রকৃতির অংশ হয়, তবে তার প্রকৃতিকে জয় করার প্রশ্ন ওঠেনা। আসলে মানুষের ভবিষ্যৎ নিয়ে যে স্বপ্ন - তার সাথে জড়িত থাকে উন্নয়নের প্রশ্ন; যে উন্নয়নের সাথে আধুনিকতার সম্পর্ক নিবিড়। আর ভারতের মতো তৃতীয় বিশ্বের দেশগুলিতে আধুনিকতার প্রাদুর্ভাব বহুলাংশে ইউরোপ প্রভাবিত। ফলত আধুনিকীকরণের অন্তর্গত নৈতিকতা এবং ভারতের মতো দেশে তার প্রয়োগের সীমাবদ্ধতা নিয়েও অনেক প্রশ্ন স্বাধীনতার পর থেকেই উঠেছে।

সারা পৃথিবী জুড়ে জলবায়ু পরিবর্তনজনিত সংকট দিনে দিনে ভয়াবহ রূপ নিচ্ছে। এর সাথে সাথেই জলবায়ু রাজনীতির গতিপ্রকৃতি আর পরিবেশ নিয়ে চিন্তাচর্চার ধারাতেও দেখা যাচ্ছে বিবিধ বাঁকবদল। ১৯৬২ সালে রাচেল কার্সনের 'সাইলেন্ট স্প্রিং' প্রকাশিত হলে আধুনিক পরিবেশবিজ্ঞান নিয়ে ভাবনাচিন্তায় আমূল পরিবর্তন আসে । পরবর্তীকালে বিশ্বব্যাপী পরিবেশ আন্দোলনগুলিতে জোয়ার আসার সঙ্গে সঙ্গে ভারতেও সেই ঢেউ এসে পৌঁছয়; পরিবেশ আন্দোলনের মৌলিক প্রশ্নগুলি রাজনীতিকেও প্রভাবিত করতে আরম্ভ করে।

আসলে ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গ ভৌগোলিক অবস্থানগত কারণেই এই জলবায়ু পরিবর্তনের সময়ে খুব অসুরক্ষিত জায়গায় দাঁড়িয়ে আছে। এখানকার জলবায়ু রাজনীতি উন্নয়ন ও গণতন্ত্রের প্রশ্নেই আলোড়িত হয়, চাপা পড়ে যায় পরিবেশজনিত বিপর্যয় ও তার সাথে লগ্ন হয়ে থাকা গণমানুষের আখ্যান।

থার্ড লেনে পরিবেশ বিষয়ক বিশেষ সংখ্যায় এবারে থাকছে জলবায়ু বিপর্যয় বিষয়ক একগুচ্ছ প্রবন্ধ। প্রথাগত দৃষ্টিভঙ্গির পাশাপাশি সামাজিক- সাংস্কৃতিক স্তরেও পরিবেশকে নিয়ে যে চিন্তাভাবনা - তার ইঙ্গিত উঠে এসেছে এবারের লেখকদের কলমে । সুন্দরবন ব-দ্বীপ অঞ্চলে মানুষ ও প্রকৃতির পারস্পরিক সহাবস্থান (ecotone) যে আশ্চর্য সংস্কৃতির জন্ম দেয় (বনবিবি হিন্দু ও মুসলিম সম্প্রদায় নির্বিশেষে পূজিত হন) সেই প্রবন্ধের পাশাপাশি থাকছে বাংলাদেশের সুন্দরবন সংলগ্ন জনপদে পরিবেশ-উদ্বাস্তুদের মর্মন্তুদ জীবনধারণের কথা। পূর্ব কলকাতার জলাভূমি আন্দোলনের দীর্ঘ ইতিহাস - গুজরাটের খরাপ্রবণ অঞ্চলের অধিবাসীদের বেঁচে থাকার লড়াইয়ের কথা - দিল্লীসহ অন্যান্য মেট্রোপলিটানগুলিতে বায়ুদূষণ ও তার ভয়াবহ পরিণতি - এছাড়াও নানা দৃষ্টিকোণ থেকে পরিবেশ-বিপর্যয়ঘটিত মনোজ্ঞ আলোচনা ও বিশ্লেষণ। লেখকরা প্রত্যেকেই পরিবেশ বিষয়ক লেখালেখি ও আন্দোলনের সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত। পড়ুন- পড়ান- বাড়ির ছোটদের পরিবেশকে ভালোবাসতে শেখান।

সবাই সুস্থ থাকুন, নিরাপদ থাকুন। সকলকে শারদীয়ার আগাম শুভেচ্ছা ও ভালোবাসা।

*****

CLIMATE CHANGE ISN'T REAL
BOB & BOBBY

পূর্ব কলকাতার জলাভূমি: শৌচ তথা নিকাশী ব্যবস্থা, কারিগরি বিদ্যা এবং ইকোলজির সমন্বয়সাধন

ধ্রুবা দাশ গুপ্ত

পূর্ব কোলকাতার জলাভূমি : ধ্রুবা দাশ গুপ্ত

কলকাতা শহরের অপরিহার্য ঐতিহ্য, পূর্ব কলকাতার জলাভূমি। সারা বিশ্বে স্বীকৃত এই আংশিক প্রকৃতি-ভিত্তিক, আংশিক মানব-সৃষ্ট জলাভূমিটি ময়লা জল ব্যবহার করে একটা টেঁকসই পরিশোধন ব্যবস্থার দৃষ্টান্ত সৃষ্টি করেছে। ২০১৭ সালে প্রকাশিত রাষ্ট্র-সংঘের World Water Development Report এর চর্চার বিষয় ছিল ময়লা জল বা wastewater। এই রিপোর্টে বহুবার উল্লেখ করা হয়েছে যে এই জলাভূমি যৎসামান্য খরচায় সম্পূর্ণ প্রকৃতি-নির্ভর উপায়ে, এলাকার জলাভূমি সমাজের উদ্যোগে ময়লা জল পরিশোধন করে। একই সঙ্গে এই রিপোর্ট উল্লেখ করেছে যে সারা বিশ্বে এখনও কেবলমাত্র ২০ শতাংশ ময়লা জল পরিশোধন করা হয়। মনে রাখা প্রয়োজন যে বর্তমানে জল সংকটাপন্ন একটি প্রাকৃতিক সম্পদ। বহু শহরে পানীয় জলের অবস্থা বেশ শোচনীয় হয়ে আছে। বারবার বহু বিশেষজ্ঞ ও গবেষণা প্রতিষ্ঠান সাবধান বাণী দিচ্ছেন যে নদী তথা অন্যান্য জলাধারের উপযুক্ত ব্যবহার, পাশাপাশি ময়লা জলের ও উপযুক্ত ব্যবহার হওয়া উচিত। এই পরিস্থিতিতে পূর্ব কলকাতার জলাভূমির উপযোগিতা, বহমানতা এবং গুরুত্ব নিয়ে মূল্যায়ন যথেষ্ট সময়োপযোগী হবে। কলকাতা এমন একটি ক্রান্তীয় শহরের দৃষ্টান্ত যেখানে সূর্যরশ্মির প্রাচুর্য গৃহস্থের বাড়ি থেকে বেরিয়ে আসা ময়লা জল (domestic sewage) নদীতে ফেলে দেওয়ার আগে যৎসামান্য খরচায় পরিশোধন করতে সাহায্য করে। শহরবাসীদের এর জন্য আলাদা করে কোন কর দিতে হয় না, যান্ত্রিক উপায়ে ময়লা জল পরিশোধনের খরচটা বেঁচে যায়। নগর পরিকল্পনায় এই বৈশিষ্ট্যের গুরুত্ব অপরিসীম।

বিদ্যাধরী নদী আমাদের কাহিনীর কেন্দ্রবিন্দু। প্রকৃতির নিয়মে নদী থাকলেই তার পাশে জলাভূমি থাকবেই। জলাভূমি যেন নদীর আদরের সন্তান, নদীর জলে লালিত-পালিত হয় সে। আর নদী মরে গেলে সেও প্রাণ হারায়। নোনা জলের জোয়ার-ভাটা খেলা নদী বিদ্যাধরীর জলাভূমি সন্তান ছিল লবণ হ্রদ, যা Salt Lake নামে পরিচিত। এই নদী ব্যবস্থা যখন ভেঙে পড়ল তখন Salt Lake এর ভবিষ্যতও অনিশ্চিত হয়ে পড়ল। সবচেয়ে বড় প্রশ্নচিহ্ন হয়ে দাঁড়াল এই এলাকার বহু মৎসচাষীর জীবন ও জীবিকা। এখানেই মানুষের সৃজনশীলতা একটি অসামান্য ভূমিকা পালন করল। দূরদর্শী বাঙালী ইঞ্জিনিয়ার ড: বীরেন্দ্র নাথ দে নতুন নিকাশী ব্যবস্থা সৃষ্টি করে শহরের মাটির নীচের নিকাশী নালাকে শহর থেকে বেরিয়ে যাওয়া নিকাশী ব্যবস্থার সঙ্গে এমনভাবে জুড়ে দিলেন যে সারা বছর ময়লা জলের যোগান পেয়ে জলাভূমির চরিত্র পাল্টে গেল। সে এবার নোনা জলের জলাভূমির থেকে পাল্টে ময়লা জলের জলাভূমি হয়ে উঠল, তাতে বিপুল সংখ্যক মৎস চাষীর ভবিষ্যত অক্ষত থাকল। এবং এটাই পূর্ব কলকাতার জলাভূমির বিবর্তনের কাহিনী, যা এই লেখার মার্‌ফৎ কথার জাল বুনে তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

এই লেখাটি চারটি ভাগ করা হয়েছে। প্রথম ভাগে, যে নিকাশী সমস্যা কলকাতা শহরকে বহুদিন জর্জরিত করেছিল, তা নিয়ে আলোচনা করা হয়েছে। তারপরের ভাগে এই সমস্যা কারিগরি বিদ্যার সাহায্যে এবং এলাকা-বাসীদের প্রচেষ্টায় কিভাবে সমাধান হয়েছে, তা বিস্তারিত বোঝানো হয়েছে। পরবর্তী অংশে ময়লা জল এবং তার পরিশোধন সম্পর্কে কি ধারণা ছিল এবং কিভাবে তার বিবর্তন হয়েছে, তাই নিয়ে বিশ্লেষণ করা হয়েছে। সর্বশেষে, এই জলাভূমির সংরক্ষণ সম্পর্কিত বাধা-বিপত্তির কথা বিশেষ করে উল্লেখ করা হয়েছে। উপসংহারে খতিয়ে দেখা হয়েছে যে শহরের পরিকাঠামো কি করে দীর্ঘমেয়াদি হবে, ইতিহাস ঘেঁটে আমরা এই বিষয়ে কি কি শিক্ষা পেতে পারি।

ইতিহাসের কথা –

ভারতবর্ষে আসার অব্যবহিত পরেই চতুর ইংরেজ ব্যবসায়ীরা দেশের নদীপথগুলি মনোযোগ সহকারে অধ্যয়ন করতে থাকে এবং সেই বিষয়ে পারদর্শী হয়ে ওঠে। কলকাতাকে ইংরেজরা রাজধানী হিসেবে বেছে নিয়েছিল, তাই ব্যবসা-বাণিজ্য সুচারু ভাবে চালু রাখার জন্য, বিশেষ করে সুজলা সুফলা বঙ্গভূমির ব-দ্বীপের পূর্ব এবং পশ্চিম দিকের মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা খুবই প্রয়োজন ছিল। এর জন্য সবচেয়ে বেশী প্রয়োজন ছিল শহরের কাছে নদীর। অষ্টাদশ শতাব্দীতে নদী বলতে শহরের কাছে ছিল বিদ্যাধরী নদী (কে নাম দিয়েছিল কে জানে!)। পূর্ব বাংলার ব-দ্বীপ তখন অনেকটাই পরিপক্ক হয়ে গিয়েছে (mature delta) কিন্তু পশ্চিম বাংলায় সেটা হয়নি। বিদ্যাধরীর কাজ ছিল জোয়ার-ভাটায় পলিমাটি এনে, তার বিভিন্ন শাখা উপশাখার মাধ্যমে চারিদিকে ছড়িয়ে দেওয়া এবং ব-দ্বীপ তৈরীর কাজ সম্পন্ন করা। এই বিদ্যাধরীর সংলগ্ন অনেকগুলি জলাধার / জলাভূমি ছিল – এগুলি নোনা জলের জলাভূমি ছিল, যাদের ইংরেজরা নাম দিয়েছিল Salt Lakes বা লবণ হ্রদ। বিদ্যাধরীর একটি বড়শাখা (spill channel) ছিল Central Lake Channel – এইটি বিংশ শতাব্দীর গোড়া অবধি কলকাতা শহরের নিকাশী বহন করে সুন্দরবনের দিকে যেত। বিদ্যাধরীর আর্বিভাব সুন্দরবনে, তারপর এটি হাড়োয়া দিয়ে বইত এবং হাড়োয়া গাঙ নামে পরিচিত ছিল। এর পরবর্তীতে এটি পশ্চিম দিকে গমন করে, এবং নোনা খাল বলে একটি ছোটো নদী এর সঙ্গে এসে মেশে। তারপর বিদ্যাধরী দক্ষিণ-পশ্চিম দিকে গিয়ে বেলেঘাটা খাল এবং টলির নালার সংযোগ-স্থলে পৌঁছায়, সেখান থেকে দক্ষিণ-পূর্ব দিকে গিয়ে মাতলা নদীর সঙ্গে মিশে যায়।



প্রথম ম্যাপ – বিদ্যাধরীর যাত্রাপথ

বিদ্যাধরীর প্রবাহকে কাজে লাগিয়ে অষ্টাদশ শতাব্দী থেকে একটি বাণিজ্যের উপযুক্ত জলপথ গড়ে উঠল, এই পথে কলকাতা এবং পূর্ববঙ্গের যোগাযোগ ব্যবস্থা পোক্ত হল। প্রথম এল ১৭৭৫ – ৭৭ সালে টলির নালা – মেজর উইলিয়াম টলি এই খালটি নিজের খরচে খনন করেছিলেন। এইটি

পুরানো আমলে আদি গঙ্গা নামে পরিচিত ছিল – এটি গঙ্গার পুরাতন যাত্রাপথ ছিল। মেজর টলি পুরাতন খিদিরপুর ডকের কাছে একটি পূর্ব অবস্থিত খালের মুখ এবং বিদ্যাধরী নদীর উপর তারদহের কাছে আর একটি খালের মুখ আবিষ্কার করে এই দুটিকে জুড়ে দিয়েছিলেন, এইভাবে টলির নালা তৈরী হল। এই খালটি দিয়ে নৌকা পার হতে গেলে মেজর টলিকে কর দিতে হত। এর আগে ব্যবসা-বাণিজ্যের জন্য সমস্ত নৌকা পূর্ববঙ্গ থেকে আসতে গেলে সুন্দরবনের নদী-নালা হয়ে আসতে হত, যা অত্যন্ত বিপজ্জনক ছিল। এই জলপথ কে বলা হত Outer Boat Route. জলপথে যাতায়াতের জন্য কলকাতার কাছে আর একটি খাল ছিল যার নাম Old Eastern Canal – এইটিও Salt Lake এর মধ্যে দিয়ে এসে কলকাতা শহরে ঢুকত। এইটি ধাপা এলাকার থেকে Entally পর্যন্ত আসত এবং এই খালটিকে Entally Canal অথবা বেলেঘাটা খাল (Beliaghata Canal) বলা হত। বেলেঘাটা নামটি ধাপার কাছে বালিয়াঘাট নামের গ্রাম থেকে নামকরণ হয়েছিল।

East India Company যখন ভারতবর্ষে আসে তারা বিভিন্ন শহর বেছে নেয় এবং আনুষঙ্গিক এলাকা প্রশাসনের জন্য Presidency আখ্যা দিয়ে এই সব জায়গায় প্রশাসনিক পরিকাঠামো তৈরী করে। Calcutta Presidency তৈরী হয় Madras Presidencyর পরেই। Calcutta Presidency এলাকায় সাধারণ মানুষের সুবিধার্থে যেই কাজ করা হয়, তার দায়িত্বে ছিল Military Board। এই Military Board এর অধীনে একটি পদ ছিল খাল রক্ষণাবেক্ষণ করা যার দায়িত্বে ছিলেন Superintendent of Canals। এই পদে নিযুক্ত Lieutenant J.A, Schalch ১৮২১ সালে প্রস্তাব দেন যে গ্রীষ্মকালে জলপথে যাতায়াত করার জন্য এবং ব্যবসা-বাণিজ্য বাড়ানোরজন্য একটি খাল পরিকাঠামো তৈরী করা হোক। এতে বঙ্গদেশের পূর্ব এবং পশ্চিম অংশে চলাচলকারী নৌকার থেকে যে জলকর পাওয়া যাবে, তাতে খাল খননের খরচ দ্রুত উঠে আসবে এবং কোম্পানির ঘরে যথেষ্ট পরিমানে অর্থ রোজগার হবে। খুলনায় গড়াই নদী এবং কলকাতার চিৎপুরে হুগলী নদীকে, পরপর বয়ে যাওয়া বেশ কিছু চালু খাল এবং কিছু নতুন খনন করা খাল জুড়ে বাণিজ্য পথে যুক্ত করা হবে, এমনই চিন্তাভাবনা করা হয়ছিল।

টলির নালা তখন খুবই নৌকাবহুল খাল ছিল, এবং সেই ভারাক্রান্ত অবস্থার পরিবর্তন আনার জন্য Schalch প্রস্তাব দেন যে চিৎপুর থেকে বেলেঘাটা খাল পর্যন্ত তৎকালীন Circular Road এর সমান্তরালে একটি খাল খনন করা হোক, যার নাম দেওয়া হল Circular Canal, যদিও এটি গোলাকৃতি ছিল না। এই খালটি বেলেঘাটা খালের সঙ্গে যুক্ত ছিল। জোয়ার-ভাঁটার জন্য চিৎপুরে একটি জল-নিয়ন্ত্রক গেট বা Lock Gate তৈরী হয় ১৮৩৩ সালে। কলকাতা থেকে বিদ্যাধরী হয়ে তারপর কিছু পুরাতন খাল হয়ে ইছামতি নদীতে পৌঁছে হাসনাবাদ হয়ে পূর্ব বাংলায় পৌঁছানোর

যাত্রাপথ তৈরী হল। চিৎপুর এবং ধাপায় কর দিতে হত সমস্ত পণ্যবাহী নৌকাগুলিকে। ওদিকে Hastings Bridge এর কাছে টলির নালার উৎসমুখে এবং ১১ মাইল পরে পাঁচপোতায় কর আদায় করা হত। পরে টালি নালার যাত্রাপথে আরও কর আদায়ের ব্যবস্থা করা হয়েছিল।

এই দুটি বাণিজ্যপথই নিম্নোক্ত মানচিত্রে দেখানো আছে।

১৮৪৩ সালে বঙ্গ সরকারের (১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ জয়ের পর ইংরেজ East India Company কলকাতাকে রাজধানী করে নিজেদের সরকার চালাচ্ছিল)। এক উচ্চপদস্থ আধিকারিক (Undersecretary) Military Board কে জানায় যে এই বাণিজ্যপথ থেকে সরকার ১৫,১৪,৭৮২ টাকা লাভ করেছে, সমস্ত খরচ বাদ দেওয়ার পরে।

এই জলবাহী বাণিজ্যপথ (1814 km, তার মধ্যে 76 km ইংরেজদের খনন করা) বিশ্বের অন্যতম পথ হিসেবে স্বীকৃতি লাভ করে – এখান দিয়ে বছরে এক মিলিয়ন টন পণ্যদ্রব্য যাতায়াত করত যার মূল্য ছিল চার মিলিয়ন পাউন্ড (£4 million)। এই বাণিজ্যপথের দ্বারা যেই সব অঞ্চল যুক্ত হয়েছিল সেগুলি হল দক্ষিণ ২৪ পরগণা জেলা, খুলনা, ফরিদপুর এবং বাখেরগঞ্জ (বরিশাল জেলার রাজধানী, এখানে ধান প্রধান ফসল ছিল)। এছাড়া ছিল ব্রহ্মপুত্র নদের উপত্যকায় উৎপাদিত খাদ্যশস্য। তাছাড়া অন্যান্য অনেক খাদ্য পণ্য এবং ভোগ্যপণ্য এই জলপথ বেয়ে কলকাতায় আসত। নিম্নোক্ত মানচিত্রে এই বড় ছবিটা বুঝিয়ে দেওয়া আছে।



তৃতীয় ম্যাপ -বাণিজ্যপথের বড় ছবি

বিদ্যাধরী: একই সঙ্গে বাণিজ্যপথ ও নিকাশী নালা

টলির নালা এবং সার্কুলার খাল বানিয়েই থেমে থাকেনি ইংরেজরা। ১৮৫৯ সালে তারা New Cut Canal খনন করে। উল্টোডাঙ্গায় এই খালটি Circular Canal এর সঙ্গে যুক্ত হয়, তারপর ধাপা পর্যন্ত যায়। এছাড়াও আরও জল নিয়ন্ত্রক গেট বা Lock Gate ১৮৮৩ সালে ধাপাতে তৈরী হয় এবং চিৎপুরে এই একই সালে পুরাতন Lock Gate পাল্টে নতুন Lock Gate তৈরী করাহয়। তারপর ১৮৯৫ – ১৮৯৭ সাল অবধি ভাঙ্গর খাল তৈরী হয় (কিছুটা পুরাতন খাল ছিল আর বাকিটা খনন করা হয়) এবং বিদ্যাধরী নদীর উপর (বামনঘাটা এলাকায়) এবং কুল্টি নদীর উপর Lock Gate তৈরী করা হয়। এই সমস্ত কাজ ক্ষতিগ্রস্ত ক্রমাগত করে যাওয়ার ফলে বিদ্যাধরী নদীর মূল শাখা – Central Lake Channel – দ্রুত পলিমাটি জমে খুবই ক্ষতিগ্রস্ত হয়। বিদ্যাধরী নদীর উপর এই কারিগরি প্রয়োগের কালপঞ্জি আসন্ন তালিকায় দেওয়া হল।

বিদ্যাধরী নদীর ক্ষতিগ্রস্ত হবার আরও কিছু কারণ ছিল। এক সময় নোনা গাঙ, নোওয়াই আর সুঁতি নদী বিদ্যাধরীতে মিশত, কিন্তু পরবর্তী সময়ে তারা গতিপথ পালটে কুল্টি নদীতে গিয়ে মেশে। প্রকৃতির কোন অদ্ভুত এক খামখেয়ালিপনায় এই পরিবর্তন হয় এবং এর ফলে বিদ্যাধরী নদীতে নোনা জলের পরিমাণ আরও কমতে থাকে। এছাড়া, ১৮৩০ সাল এর কিছু আগে থেকে বিদ্যাধরীর বয়ে যাবার রাস্তায় বেশ কিছু নোনা ভেড়ি ছিল যাতে মাছ চাষ, বিশেষ করে চিংড়ি চাষ হত।জোয়ারের সময়েই ভেড়িগুলিতে নোনা জল ঢুকিয়ে নেওয়া হত এবং এটা চিংড়ি চাষের পক্ষে উপযুক্ত ছিল। একই সঙ্গে এই এলাকায় নদী বাঁধও ছিল।এই সব কারণে নদী তার বয়ে আনা পলিমাটি পাড়ে এবং চারিপাশে জমিয়ে ব-দ্বীপ সম্পূর্ণ করার কাজে ক্রমাগত বাধা পেত। এতে শুধু উর্বর মাটির ব-দ্বীপ সৃষ্টিই ব্যাহত হল না, জোয়ার ভাটা খেলার স্বাভাবিক ধর্ম পালন না করতে পেরে পলিমাটি জমে নদীর স্বাস্থ্যও প্রায় নিঃশেষ হয়ে গেল। ১৯২৮ সালে সরকার ঘোষণা করলো যে বিদ্যাধরী নদীর পুনরুজ্জীবনের চেষ্টা করা কোনোভাবে সম্ভব নয়, সরকারের সেই রকম কোন ইচ্ছাও আর দেখা গেল না।

সারণি– ১ **বিদ্যাধরী নদীতে কৃত্রিম ভাবে খাল খনন ও তার কু-প্রভাবের কালপঞ্জি**

সাল	কারিগরি বিদ্যা প্রয়োগ করে করা কাজের নাম	ফলাফল	মন্তব্য

১৭৭৭	টলির নালা খনন	বিদ্যাধরীর অনেকটা জলসম্পদ ক্ষতিগ্রস্ত হয়।	নদীর নীচের অংশে পলি জমে ক্ষতিগ্রস্ত হতে শুরু করে।
১৭৯০	দুধবিবি খালে (বিদ্যাধরীর শাখা) বাঁধ দেওয়া হল – এলাকাটি তারদহের কাছে	নদী উত্তরের দিকে বয়ে যাবার পথ বাধাপ্রাপ্ত হল।	
১৮১০	বেলেঘাটা খাল কারিগরি বিদ্যা দিয়ে কিছু পরিবর্তন করে শিয়ালদহের কাছে Entally পর্য্যন্ত নিয়ে যাওয়া হল।	নদীর স্বাভাবিক নিকাশীর রাস্তা বাধাপ্রাপ্ত হল।	
১৮৩০-৩৩	Circular Canal এবং চিৎপুর Lock Gate নির্মাণ।	বিদ্যাধরী বা Central Lake Channel এর বেলেঘাটার দিকের অংশ পলি পড়ে ক্ষতিগ্রস্ত হতে লাগল।	
১৮৫৯	উল্টোডাঙ্গা থেকে ধাপা পর্যন্তNew Cut Canal তৈরী হল।		পণ্যবাহী নৌকার চাপ কমানার জন্য করা হল।
১৮৬৫	পঞ্চান্নগ্রাম বাঁধ দেওয়া হল	স্বাভাবিকভাবে বিচরণে বাধাপ্রাপ্ত নদী তার স্বাভাবিক বিচরণ করা বন্ধ করে দিল।	নিকাশী সমস্যা দেখা দিল।
১৮৮৩	ধাপাতে এবং চিৎপুরে Lock Gate নির্মাণ – চিৎপুরে পুনর্নির্মাণ হল ।	Central Lake Channel ক্ষতিগ্রস্ত হল কারণ ধাপা থেকে Entally পর্যন্ত জলের গতিপথ বন্ধ হল।	১৯২৭ সালে ধাপা Lock Gate অকেজো করে দেওয়া হয়।

১৮৯৬	বিদ্যাধরীর শাখা কাটাতলা গাঙে আড়াআড়ি বাঁধ (Cross Dam)পড়ল	নদীর ভেতর পলিমাটি দ্রুত জমে গেল।	
১৮৯৫-১৮৯৭	পুরানো ভাঙ্গর খাল খনন করে বামনঘাটা থেকে কুল্টি পর্যন্ত নিয়ে যাওয়া হল।	নদীকে বয়ের নালা এলাকায় বন্ধ করে দেওয়া হল।	বাণিজ্যের সুবিধার্থে করা হল।
১৮৯৭	বামনঘাটা Lock Gate তৈরী হল।	Central Lake Channel বা বিদ্যাধরী নদী অতি দ্রুতগতিতে ক্ষতিগ্রস্ত হতে লাগল।	ভাঙ্গর খালের নির্মাণের প্রক্রিয়া সমাপ্ত হল।
১৯১০	New Cut Canal এবং ভাঙ্গর খাল জুড়ে কৃষ্ণপুর খাল তৈরী হল।	বিদ্যাধরীর 78 km^2অববাহিকা এলাকা নষ্ট হয়ে গেল।	বিকল্প বাণিজ্য পথ তৈরী হল।



ম্যাপ ৪ – বিদ্যাধরী নদীর উপর কারিগরি

কলকাতা নিকাশী ব্যবস্থা ভেঙ্গে পড়ল –

বিদ্যাধরী নদীর প্রধান অংশ Central Lake Channel কলকাতার তরল বর্জ্য বহন করে নিয়ে যেত এবং একই সঙ্গে বাণিজ্য পথ হিসেবেও কাজ করত। এই Central Lake Channel-এ কারিগরি বিদ্যার ক্রমাগত আক্রমণ কলকাতার নিকাশী ব্যবস্থাকে পর্যুদস্ত করে দিয়েছিল, উপরন্তু নদীর উপর অত্যধিক পরীক্ষা-নিরীক্ষার ফলে নদীরও প্রভূত ক্ষতি হয়েছিল। পুরোনো কলকাতার

বেহাল নিকাশী ব্যবস্থার কথা বলেছিলেন Lord Wellesley (১৮০৩ সালে), ডাক্তার James Ranald Martin এবং সরকারের দ্বারা সংগঠিত Fever Hospital Committee। কলকাতা পুরসভার প্রথম ইঞ্জিনিয়ার William Clarke কলকাতার শহরের জন্য মাটির তলায় অবস্থিত একটি নিকাশী ব্যবস্থার প্রস্তাব দিয়েছিলেন। এইটিই আজ পর্যন্ত বিদ্যমান। এটি প্রথম ১৮৫৫ সালে প্রস্তাবিত হয় এবং চুলচেরা বিচারের পরে ১৮৫৮ সালে গৃহীত হয়। নির্মাণ কার্য্য শেষ হয় ১৮৭৫ সালে। তরল বর্জ্য Central Lake Channel-এ গিয়ে পড়ত।

বিদ্যাধরী নদীর পরিচালনার দায়িত্ব নিয়ে বেশ কিছু প্রশাসনিক জটিলতা ছিল। বৃটিশ শাসিত ভারতবর্ষে বঙ্গ সরকার তার Irrigation দপ্তরের মাধ্যমে নদী পরিচর্যা, রক্ষণাবেক্ষণ এবং তারই সঙ্গে রাজস্ব আদায় করত। এই দপ্তরই নিকাশী বয়ে নিয়ে যাওয়া নদীর স্বাস্থ্য বজায় রাখত এবং তার জন্য অর্থও ব্যয় করত। অপর দিকে কলকাতা পুরসভার কাজ ছিল পুর পরিষেবা হিসেবে নিকাশী নির্গমন ব্যবস্থার সুষ্ঠ পরিচালনা করা। এই কাজের জন্য অর্থনৈতিক পরিকল্পনা তারাই করত, সেই ক্ষেত্রে আংশিক অথবা সম্পূর্ণ ব্যয়ভার তাদের বহন করতে হত। কিন্তু প্রতিটি পরিকল্পনার জন্য তাদের সরকারের থেকে সম্মতি তথা অনুমোদন চাইতে হত, আবার সরকার অনেক সময় প্রকল্পের জন্য অর্থও দিতেন। এই গোলমেলে দায়িত্ব ভাগাভাগির জন্য ময়লা জলের নির্গমন ব্যবস্থা নিয়ে বিভ্রাট উপস্থিত হল।

কলকাতার নিকাশী নক্সা দুই ভাগে বিভক্ত ছিল (ক) Town System (খ) Suburban System. Clarke এর নক্সা শুধু Town System কে মাথায় রেখে তৈরী করা হয়েছিল, আয়তন ছিল 21 Km^2। ময়লা জলের নালাগুলির জন্য যে নক্সা প্রস্তুত করা হয়েছিল তাতে তারা মাটির অন্তর্গত জল বা subsoil water, বাড়ীর থেকে নির্গত জল বা house drainage আর বৃষ্টির জল বা storm water শহরের বাইরে নিয়ে যেতে পারবে। ২৪ ঘন্টায় ৬ ইঞ্চি বৃষ্টির জল গ্রহণ করা আর শুকনোর সময় প্রতিদিন ১০ মিলিয়ন গ্যালন ময়লা জল গ্রহণ করার ক্ষমতা ছিল এই ময়লা জলের নিকাশী ব্যবস্থার। নিকাশী খালের থেকে ময়লা জল গ্রহণ করতো Palmer's Bridge Pumping station. হঠাৎ ১৮৮১-৮২ সালে সরকারের নির্দেশ অনুযায়ী Circular Canal-এ ময়লা জল নিকাশীর অনুমতি বন্ধ করে দেওয়া হল এবং পুরসভাকে নিজের খরচে হালসিবাগান এলাকা থেকে pumping station অবধি একটি নতুন নিকাশী নালার নির্মাণ করতে হল। এই নালাটি সোজাসুজি একটি বড় নিকাশী খালে ময়লা জলের সম্পূর্ণটা ফেলে দিত।

উনবিংশ শতাব্দীর শেষ দুই দশকে নানান কারণে নিকাশী খাল এবং তার পরিকাঠামোর উপর খুব চাপ পড়ে। এই কারণগুলি ছিল জনসংখ্যা বৃদ্ধি, পানীয় জলের সরবরাহ বৃদ্ধি, পাকা রাস্তা তৈরী (যার জন্য ওই জায়গাগুলিতে মাটির উপরের জল নীচে আর যেত না) এবং শহরের ভেতরের অনেক জলাধার বন্ধ হয়ে যাবার ফলে বৃষ্টির জল শহরের রাস্তায় নিত্যদিন দাঁড়িয়ে যেত। তখন ১৮৯৬ সালে Kimber এবং Hughes নামে দু'জন ইঞ্জিনিয়ার, Baldwin Latham নামে আর একজন বিশ্ববিখ্যাত এবং অভিজ্ঞতা–সম্পন্ন ইঞ্জিনিয়ার-এর সঙ্গে পরিকল্পনা করে নিকাশী ব্যবস্থাকে আরও সম্প্রসারণ করে একটি নক্সা তৈরী করলেন। তৎকালীন সরকার এতে সম্মতি দেয় ১৯০০ সালে। এর কর্মসূচী রূপায়ন করতে ১৯০৫ সাল পর্যন্ত লেগেছিল। এর তালিকা নিম্নে দেওয়া হল।

ক) দুটো উঁচু ময়লা জলের খাল Town এবং Suburban System থেকে, যথাক্রমে Palmer's Bridge এবং Ballygunge pumping station থেকে নিকাশী এবং বৃষ্টির জল গ্রহণ করে বিদ্যাধরী নদীতে ফেলে দেবে, এই ব্যবস্থা করা হল।

খ) Town এবং Suburban ব্যবস্থার সঙ্গে ময়লা জল ধরে রাখার আলাদা আলাদা জলাধার যুক্ত ছিল যার ক্ষমতা ছিল জোয়ারের ৮ ঘন্টা ময়লা জল ধরে রেখে ভাটার ৪ ঘন্টা সেই জলটাকে বের করে দেবার। নিম্নোক্ত ছবিতে এই কাজের নক্সা দেওয়া হল।



নিকাশী ব্যবস্থা সম্প্রসারণের নক্সা, হস্তচিত্র

বিদ্যাধরী নদীর গুরুতর ক্ষতির চিহ্ন ১৯০২ সালে নদীর কারিগরি নক্সা বানাতে গিয়ে প্রথম Jacobs সাহেবের চোখে ধরা পড়ে। দুই বছর Irrigation দপ্তর এই খবর চেপে রাখার পর Chief Engineer D.B. Horn এই তথ্য প্রকাশ্যে আনেন। তখন পুরসভা নিকাশী ব্যবস্থা ঢেলে সাজানোর জন্য ২৯,৪৩,০০০ টাকা লগ্নি করার ব্যবস্থা করে ফেলেছিল, অথচ তারা এই গুরুতর ক্ষতির খবর পেয়েও বিন্দুমাত্র সাবধান হয়নি। কারণ হিসেবে হয়ত Horn এর রিপোর্টের একটি লাইন উদ্ধৃত করা যেতে পারে 'Although deterioration of the Lake Channel will continue, it is more than probable, that it will remain sufficiently large to carry away sewage.' অর্থাৎ নদী ক্ষতিগ্রস্ত হতে থাকলেও তার ময়লা জল বহন করে নিয়ে যাওয়ার ক্ষমতা থেকে যাবে।

১৯১৩ সালে পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ার O.C. Lees এবং C. Addams Williams স্পষ্ট ভাষায় সরকার এবং পুরসভাকে সাবধানবাণী জানান যে আগামী ৬ বছরের মধ্যেই নদীর ময়লা জল বহন করার ক্ষমতা শেষ হয়ে যাবে। ১৯১৪ সালে Addams Williams নদীর অববাহিকা এলাকার সম্প্রসারণ করবার পরিকল্পনা সরকারকে জমা দেন। সরকার ৩ বছরের জন্য কোন গুরুত্বই না দিয়ে পরিকল্পনাটি ফেলে রাখে এবং তারপরেও আংশিক কাজই করা হয়।

নদীর ক্ষতি প্রথমবার ধরা পড়ে ১৯০২ সালে এবং ক্ষতি রোধ করার চেষ্টা হয় ১৫ বছর বাদে, ১৯১৭-১৮ সালে – এই অত্যধিক লম্বা সময়ে নদী সমস্ত সংশোধনের সীমা অতিক্রম করে এবং Salt Lake এলাকা থেকে সরে যায়। কোন প্রকৃতি-বান্ধব উপায়ে তাকে ফিরিয়ে আনা যায়নি।

যে সংশোধন প্রক্রিয়া ১৯১৮ সালে শুরু হয় তা ৬ বছর ধরে চলে এবং ২০ লক্ষ টাকা খরচ হয়, কিন্তু তাতে হিতে বিপরীত হয়। ১৯২৭ সালে ধাপা Lock Gate নিষ্ক্রিয় করে দেওয়া হয় এবং ১৯২৮ সালে বঙ্গ সরকার কলকাতা পুরসভার Chief Executive Officer-কে জানিয়ে দেন যে এই জলপথে বাণিজ্য কমে গিয়েছে। সরকার আরও জানায় যে তারা এই বিষয়ে আর কোন দৃষ্টিপাত করবে না – প্রকারান্তরে বলা যে বাণিজ্য বহাল রাখা ছাড়া তাদের আর কোন বিষয়ে আগ্রহ অবশিষ্ট নেই। পুরসভার কাছে নদীর পরিচর্যা এবং সংরক্ষণের জন্য কোন প্রয়োজনীয় তথ্য ছিল না, সেটা বরাবর Irrigation দপ্তর দেখাশুনা করত। এই দপ্তর কেবল বাণিজ্য এবং রোজগারে আগ্রহী ছিল, তাই নদীর ক্ষতি নিয়ে কখনও মাথা ঘামায়নি। নিজেদের তথ্য থাকলে হয়ত পুরসভা পূর্ব দিনের কিছু কিছু কার্যকলাপে বাধা দিত।

একটি মৃতপ্রায় নদীর নিকাশীর নির্গমন পথ পরিবর্তন –

১৯২৬ সালে কলকাতার পানীয় জল সরবরাহ দ্বিগুণ করা হয় কিন্তু নিকাশী সমস্যার কোন সমাধান না হওয়ায় ময়লা জলের নির্গমন পথের অবস্থা উত্তরোত্তর খারাপ হতে থাকে। সমস্যার সমাধানের জন্য বিদ্যাধরী কমিটি গঠন করা হয়, সেখানে প্রয়োজনীয় সব দপ্তরের প্রতিনিধিরাই ছিলেন। সকলে মিলে ঠিক করলেন যে ১,৭১,০০,০০০ টাকা খরচা করলে একটা নতুন স্থায়ী পরিকল্পনা বানানো যাবে। তাতে নতুন করে মাটির নীচে আরও বেশী এলাকা জুড়ে ময়লা জলের জলপথ বানাতে হবে, তৎকালীন দুটি pumping station তুলে দিয়ে একটি নতুন pumping station তৈরীর কাজ করতে হবে তোপসিয়ায়। কলকাতার পুরো ময়লা জল এবং বৃষ্টির জল একটি জায়গায় পৌঁছে যাবে যেখান থেকে পাম্প করে জোয়ার – ভাটা নির্বিশেষে বিদ্যাধরীতে নির্গমন হবে। পুরসভা এটি মেনে নিলেও নিজেদের অর্থনৈতিক ক্ষমতাসীমিত হবার জন্য প্রকল্পটি রূপায়ণ করা সম্ভব হয়নি। তাছাড়া বিদ্যাধরী নদীর অবস্থা খুবই খারাপ হওয়াতে নদীকে আরও বেশী করে ব্যবহার করা সম্ভব ছিলনা।

এই বিপদগ্রস্ত অবস্থায় ১৯২৯ সালে ইঞ্জিনিয়ারদের শীর্ষস্থান Glasgow শহর থেকে কারিগরী শিক্ষাপ্রাপ্ত এবং বিদেশে কর্মরত মেধাবী বাঙালী ইঞ্জিনিয়ার ড. বীরেন্দ্রনাথ দে'কে বিদেশ থেকে কলকাতায় ফিরিয়ে আনা হয়। তিনি অনেক অনুরোধের পরে ফিরে এসেছিলেন এবং Special Officer Drainage হয়েছিলেন। ওনার দায়িত্ব ছিল কলকাতার এই ময়লা জল নির্গমনের পথ খুঁজে বার করা (Outfall Scheme) এবং একই সঙ্গে শহরের ভেতরের নিকাশী ব্যবস্থারও উন্নতি করা (Internal Drainage Scheme)। ওনার নিযুক্তির ছয় মাসের মধ্যে উনি Internal Drainage Scheme ৬৫ লক্ষ টাকার মধ্যে তৈরী করা যাবে বলে প্রস্তাব করেন এবং কুল্টি নদীর সঙ্গে যুক্ত Outfall Scheme ৩৭ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হবে বলে প্রস্তাব দেন। Internal Drainage Scheme-এ চালু pumping station এর কর্মক্ষমতা বৃদ্ধি করা হল এবং তপসিয়া ও ধাপাতে দুটি নতুন pumping station বসানোর ব্যবস্থা করা হল। নিকাশী খাল, জলাধার এবং আনুষঙ্গিক ময়লা জলের শাখা খাল এবং উপর্যুপরি পরিকাঠামো আরও বিস্তার করা হল, এবং বর্ষার ক্ষেত্রে কিছু বিশেষ খাল দিয়ে নিকাশীর নির্গমনের ব্যবস্থা করা হল।

ঠিক হল যে শহরের নিকাশী এক জোড়া খালের মাধ্যমে দক্ষিণ-পূর্ব দিকদিয়ে বয়ে যাবে,এটা গিয়ে মিশবে এমন নদীতে যাতে জোয়ার-ভাটা খেলে এবং যেটি রায়মঙ্গল নদীর মোহনার সঙ্গে যুক্ত। এই খাল দুটির নাম হবে Dry Weather Flow (DWF) এবং Storm Weather Flow (SWF)-এরা Kulti নদীতে গিয়ে মিশবে। DWF খালে cement এর প্রলেপ দেওয়া হয়েছিল, যাতে যত তাড়াতাড়ি যত বেশী সম্ভব জল বহন করে নিয়ে যাওয়ার ব্যবস্হা থাকে।

Dr. B.N. Dey হুগলী নদীকে নিকাশী গ্রহণ করার নদী হিসেবে দুটি কারণে ব্যবহার করতে চাননি। সেগুলি হল (ক) অত্যন্ত জনবহুল এই নদীর ধারে কাজের জন্য জমি পেতে বিপুল অর্থব্যয় হত (খ) হুগলী যেহেতু পানীয় জলের নদী ছিল, ময়লা জল পরিশোধনের সঠিক ব্যবস্থা না করা পর্যন্ত নদীতে নিকাশী ফেলা যেতনা এবং শহরের বিপদ অনেক বেশী বেড়ে যেত (Chicago শহরে এই কাজটি করতে ৮ বছর সময় লেগেছিল)। ১৯৪৫ সালে নিকাশী সম্পর্কে একটি অনুসন্ধান কমিটি তৈরী হয়। এই কমিটির নাম ছিল Committee to Enquire into the Drainage Condition of Calcutta and Adjoining Areas. এদের সামনে সাক্ষ্য দিতে গিয়ে Dr. Dey বলেন হুগলী নদীর জল খুব সীমিতভাবেই নিকাশীর সঙ্গে যুক্ত থাকা উচিত – জোয়ারের সময় নিকাশী খাল পরিষ্কার করা এবং ভাটার সময় অতিবৃষ্টির জল বেরিয়ে যাওয়া ছাড়া, এই উঁচু-স্তরে অবস্থিত হুগলী নদীকে কখনই নিকাশী নদী বা ময়লা জলের নদী হিসাবে ব্যবহার হওয়া উচিত নয়।

Dr. Dey ১৯৩০ সালে সরকারকে তার Outfall Scheme বা ময়লা জল নির্গমনের পরিকল্পনা জমা দেন কিন্তু তা গৃহীত হয়নি, বলা হয়েছিল যে ময়লা জল নদীতে ফেলার আগে জমে থাকা কঠিন বর্জ্য বা solid waste কে আলাদা করে tank তৈরী করে যতদূর সম্ভব ময়লা জলের থেকে আলাদা করে দিতে হবে। এই পদ্ধতি তখন England এ চালু ছিল। সরকারের নির্বাচিত ইংরেজ বিশেষজ্ঞদের দেওয়া বিকল্প পরিকল্পনা অনুযায়ী, বিদ্যাধরী নদীকে অবশ্যই পুনরুজ্জীবিত করা যেত। আশ্চর্যভাবে, সরকারের নিজের ইঞ্জিনিয়ার Addams Williams অনেক আগেই বলেছিলেন যে এই শহর অচিরেই নিজের ময়লা জলে নিজেই ডুবে যাবে কিন্তু সরকার বা তার বিশেষজ্ঞরা, যারা Addams Williams এর পরে এসেছিলেন, তারা কিছুতেই এই কথা বিশ্বাস করতে চান নি। তারা অনেক সময় ধরে কোন সম্মতি দেন নি। ইতিমধ্যে Dr. Dey পুরসভার প্রথম বাঙালী Chief Engineer হয়ে যান, আর দুই সহযোগী হন Executive Engineer (Drainage) P.C. Bose এবং নদী জরিপের কাজে নিযুক্ত Outfall Engineer A. N. Banerjee। সরকারের চাহিদা মত নদীতে আগে নিকাশী ময়লা জলে উপস্থিত কঠিন বর্জ্য বের করে দেবার জন্য Sedimentation Tank এবং Lagoon অর্থাৎ ময়লা জল থিতিয়ে যাবার আধার এবং অন্যান্য কিছু ব্যবস্থা সহ এনারা নতুন পরিকল্পনা এবং নক্সা জমা দেন। এই ব্যবস্থাগুলি শহর থেকে ৮ কিলোমিটার দূরে বানতলায় করা হবে বলে স্থির হয়। এর জন্য খরচ বাবদ ৪৮ লক্ষ টাকা ধার্য করা হয়। সরকার ১৯৩৫ সালে এই প্রস্তাব অনুমোদন করে দেয়।

নিকাশী এবং ময়লা জল সামলানো –

সরকার যে প্রস্তাব গ্রহণ করে তার দুটি অংশ ছিল; দুটি ময়লা জল নির্গমনের খাল তৈরি করার পরিকল্পনা ছিল, তারই সঙ্গে ছিল কঠিন বর্জ্য খালে এবং নদীতে যাতে না যেতে পারে তার জন্য আলাদা করে tank এর দ্বারা কঠিন বর্জ্য ধরে রাখা এবং পরবর্তী কালে tank পরিষ্কার করে দেওয়ার পরিকল্পনা। Dry Weather Flow বা DWF খালটির বহন ক্ষমতা ছিল ৭০০ কিউসেকের কাছাকাছি (about 700 cusecs) অথবা $57 m^3/s$.বর্ষার সময় অতিরিক্ত জল বের করে দেওয়া ছিল শহরের মূল সমস্যা। SWF খালের ভিত ছিল 45.72m চওড়া (বা 150 ফুট)। DWF খালের ভিত ছিল 4.87m চওড়া (বা 16 ফুট)। দুটি খালের ঢালের আনুপাতিক সংখ্যা বা ratio ছিল 1.5:1. SWF খালটি কলকাতা শহরের জন্য তৈরী হলেও তার ১৭ মাইল (17 miles বা 28 km) যাত্রাপথে এটি একটি বিশাল গ্রামীণ এলাকার মধ্যে দিয়ে যায় এবং $331.5 km^2$বা ১২৮ স্কোয়ার মাইল এলাকার নিকাশী সমস্যার সমাধান করে দেয়। SWF খাল DWF খালের দক্ষিণে ছিল, এবং শেষ অংশে পৌঁছে কোনো পাম্পের ব্যবহার ছাড়াই জমির ঢালের সহায়তায় এবং প্রাকৃতিক উপায়ে শহরের নিকাশী যথাসময়ে পরিশ্রুত হয়ে কুল্টি নদীতে পড়ত। যেখানে এটি সম্পন্ন হত, এবং আজও হয়, সেই জায়গাটির নাম ঘুষিঘাটা।



Plan No. 2. Pruss Sedimentation Tanks at Bantala.

Dr. B.N. Dey পরিকল্পিত নতুন নিকাশি ব্যবস্থা, হস্তচিত্র

SWF এবং DWF খাল ঘুষিঘাটায় নিয়ন্ত্রিত হয় Sluice Gate এর মাধ্যমে। কুল্টি নদীতে জোয়ার ভাটার সময় অনুযায়ী এই Sluice Gate গুলি জল আটকে রাখে অথবা ছেড়ে দেয়। প্রথমে SWF খালের উপর ১৬টি sluice gate এবং DWF খালের উপর ৫টি Sluice Gate করা হয়। এই কাজ ১৯৪০ সালের মধ্যে শেষ হয়ে যায়।

এই নতুন নিকাশী ব্যবস্থার কাজ চলাকালীন দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় এবং মাল-মশলার তীব্র সংকট দেখা দেয়। তা সত্ত্বেও sedimentation tank নির্মিত হয়ে যায় এবং ১৯৪৫ সাল থেকে এই tank দুটি কাজ চালু করে দেয়। কঠিন বর্জ্য বা solid waste খালে পৌঁছবার আগে এখানে থিতিয়ে যেত। যুদ্ধের সময় আকাশ থেকে বোমা পড়ার প্রবল আশঙ্কা ছিল। তাই এই নিকাশী ব্যবস্থার কাজ করবার জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নিতে হয়েছিল, এবং খুব কষ্ট করে হলেও কাজ সুষ্ঠুভাবে শেষ হয়। তবে DWF-এর দ্বিতীয় অংশের কাজ ১৯৪৫-এ শেষ করা যায়নি।

বিদ্যাধরীর বহন-ক্ষমতা শেষ হয়ে যাবার ফলে এত সঙ্কটাপন্ন অবস্থা হয়েছিল যে SWF খাল অর্ধ-সমাপ্ত অবস্থাতেই চালু করতে হয়েছিল।

কলকাতা পুরসভার একটি সাপ্তাহিক সংবাদপত্র ১৯২৩ সালে চালু হয়েছিল যার নাম Calcutta Municipal Gazette. এটি সুভাষচন্দ্র বসু চালু করেছিলেন এবং বিদ্যাধরী নদীর সঙ্গে যুক্ত নিকাশী সঙ্কটের কাহিনী বিস্তারিতভাবে প্রকাশিত হয়েছিল। এইখানে লিখতে গিয়ে Outfall Engineer A.N Banerjee ১৯৪১ সালে বিশ্লেষণ করে বলেছিলেন স্থানীয় জমিদারেরা বুঝতে পেরেছেন যে তারা অল্প কিছু পয়সার বিনিময়ে তাদের সুবিধাগুলি ভবিষ্যতে ধরে রাখতে পারবেন। তাদের দেয় অর্থ দিয়ে পুরসভার খাল পরিচর্যার কাজ করবে এবং বেশ কিছু জমিদার এই অর্থ দিতে রাজি হয়ে পুরসভার কাছে প্রস্তাব রেখেছেন।



জলাভূমির প্রথম ম্যাপ

ময়লা জল এবং তার পরিশোধন– পূর্ব কলকাতার জলাভূমির আবির্ভাব

সরকারি Irrigation Engineer এবং পুরসভার ইঞ্জিনিয়ারদের মধ্যে বিদ্যাধরী নদীতে অপরিশ্রুত ময়লা জল ফেলার ব্যাপারে তীব্র মতপার্থক্য ছিল। প্রথম দল সবসময় দাবি করত যে ময়লা জল ফেলার জন্যই বিদ্যাধরী ক্ষতিগ্রস্ত হয়েছে, কিন্তু দ্বিতীয় দল দাবি করত যে Sanitary Commissioner of Bengal এর রিপোর্ট অনুযায়ী কলকাতার ময়লা জল খুব বেশি পরিমাণে ক্ষতিকারক ছিল না, কারণ এটা মানুষের বাড়ি থেকে নির্গত হয়েছিল।

১৯৪৪ সালে Chief Engineer হিসেবে পুরসভায় দায়িত্ব গ্রহণ করেন P.C. Bose, যিনি আগে Dr. B.N. Deyর executive engineer ছিলেন। ইনি ময়লা জলের চরিত্র বিশ্লেষণ করার দায়িত্বে ছিলেন এবং নিজের গবেষণাগারে (Laboratory) অনেক পরীক্ষানিরীক্ষা করেছিলেন। গৃহস্থের বাড়ি থেকে বেরিয়ে আসা ময়লা জলের গুণগত চরিত্র নিয়ে গবেষণা করেছিলেন এবং তৎকালীন

বিজ্ঞানীদের লেখা পড়েছিলেন। উনি বলেছিলেন যে নদী নালা খাল ইত্যাদি যাতে ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য একটা দূষণ নিয়ন্ত্রণের মাত্রা ঠিক করে দেওয়া উচিত এবং এটি বজায় রাখা উচিত।

১৯২৮ সালে যখন বিদ্যাধরী নদী তার নোনা জলের সরবরাহ হারিয়ে ফেলল, তখন স্থানীয় একজন জমিদার ১৯৩০ সাল থেকে অল্প অল্প করে ময়লা জল ব্যবহার করেমাছ চাষ শুরু করে। তার চেষ্টার ফল খুব ভাল হয় এবং ক্রমে ক্রমে একটা বড় এলাকা জুড়ে মাছ চাষ শুরু হয়। কিন্তু এলাকায় নিকাশীর সমস্যা ছিল বলে মাছ উৎপাদনের ক্ষতি হত। SWF খাল বেশ নীচু করে তৈরী হবার ফলে নিকাশী সমস্যার যথোপযুক্ত সমাধান হল। DWF খালের মাধ্যমে সারা বছর মাছের ভেড়িকে ময়লা জলের যোগান দেওয়া হবে–এই পরিকল্পনা করেই তৈরী হয়েছিল। গরম কালে বিশেষ করে এই ময়লা জলের চাহিদা থাকত, তবে শুধু DWF এর উত্তর ভাগের ভেড়িগুলিই সুবিধা পেত। এরপরে বানতলাতে ময়লা জল নিয়ন্ত্রণের জন্য ১০ টি জল নিয়ন্ত্রক Lock Gate তৈরী হল, একটি ৮ কিমি লম্বা শাখা খাল তৈরি করা হয়েছিল যা থেকে উপশাখা দিয়ে বিভিন্ন ভেড়িতে ময়লা জল যেত। জল যাতে DWF-এর দক্ষিণ ভাগেও পৌঁছোয়, তার জন্যে লালকুঠি এলাকায় ১৯৬০ সালে একটি Siphon এর ব্যবস্থা করা হয়, তাতে DWF-এর জল দক্ষিণ ভাগের মানুষের মাছ চাষের জন্য যোগান দেওয়া হল।

যে পরিকল্পনার দ্বারা সারা বছর ময়লা জলের যোগানের ব্যবস্থা হল, তাতে বিস্তীর্ণ এলাকা জুড়ে ময়লা জলে মাছ চাষ এবং অন্যান্য চাষ ছড়িয়ে পড়ল। এর ফলেই তৈরী হল পূর্ব কলকাতার জলাভূমি।



PLAN No. 4. General Layout of the feeding and drainage channels for fish culture.

মাছের ভেড়ির বিস্তারিত ছবি

সারণি ২ – কারিগরি বিদ্যার দ্বারা খাদ্য উৎপাদন তথা ময়লা জল পরিশোধনের জন্য পূর্ব কলকাতার জলাভূমির বিবর্তন।

কাজের বর্ণনা	সাল	পরিণাম	মন্তব্য
SWF খাল তৈরী শেষ হল	১৯৩৯	মাছের ভেড়িরা ময়লা জলের যোগান এবং নিকাশী ব্যবস্থা দুই-ই পেল।	এই খাল দিয়ে বর্ষাকালের বাড়তি জল যেত এবং ঘুষিঘাটায় গিয়ে ১৬ কপাটের গেট (sluice gate) দিয়ে জল কুল্টি (Kulti) নদীতে গিয়ে পড়ত। ১৯৬৫ সাল অবধি বামনঘাটা থেকে ভাঙ্গড়

			(ঘুষিঘাটার কাছে) অবধি নৌকা চলত।
DWF খাল দুই ভাগে সম্পূর্ণ হল।	১৯৩৬-১৯৪৫, প্রথম ভাগ ১৯৪৭-১৯৫৩, দ্বিতীয় ভাগ	ভেড়ির মালিকেরা ময়লা জল পেতে আরম্ভ করে। ময়লা জলের বিতরণ আরও ছড়িয়ে দেবার জন্য ব্যবস্থা করা হল।	ঘুষিঘাটায় ৫ কপাটের গেট (sluice gate) তৈরী হল। ৯ থেকে ১৭ মাইল পর্য্যন্ত খাল খননের কাজ হল, কপাটের সংখ্যা ৫ থেকে ২০ অবধি বেড়ে গেল।
বানতলা জল নিয়ন্ত্রক গেট তৈরী হল	১৯৪৫-১৯৪৬	DWF এর উত্তর ভগের মাছের ভেড়িরা বেশী জলের যোগান পেল।	শহরে Town অংশ থেকে যে নিকাশী খাল বানতলায় এসেছিল, তার উপর এই Sluice Gate তৈরী হল।
Fishery Feeding Channel বা ফিসারী ফিডিং খাল	১৯৪৭ থেকে ১৯৫০-এর মধ্যে নির্মিত	বানতলা Sluice Gate থেকে কারিগরি কৌশলে ৮ কিমি (8 km) দূর পর্যন্ত ময়লা জল পৌঁছে দেওয়া গেল।	শাখা খাল যার থেকে অনেক উপ-শাখা খাল বেরিয়েছে, বহন ক্ষমতা $12.74 m^3/s$ বা ৪৫০ কিউসেক (450 Cusecs) – বানতলা থেকে কড়াইডাঙ্গা এলাকা পর্যন্ত যায়।
লালকুঠী Siphon	১৯৬০	এই এলাকার দক্ষিণ অংশে মাছ এবং ধান উৎপাদন বেড়ে গেল	Siphon এর ৩টে মুখ আছে, প্রতিটি ১২০০ মি.মি চওড়া।
কয়েকটি *siphon* যার মাধ্যমে কিছু ভেড়ি	১৯৪৭-১৯৫০ এর মধ্যে	উত্তর দিকের মাছের ভেড়ির মালিকরা উপকৃত হল।	পরাণ চাপরাসী খাল এবং নাওভাঙ্গা খাল Town

Town অংশের নিকাশী খালের সঙ্গে জুড়ে যায়।			অংশের নিকাশী খালের সঙ্গে যুক্ত হল।
ধাপা লক (Dhapa Lock) pumping station নির্মাণ	বিল্ডিং ১৯৪১ সালে হয়, pumping station ১৯৫৮ সালে হয়।	গ্রীষ্মের সময়ের ময়লা জল Town অংশের নিকাশী বড় খালে পৌঁছে দেবার জন্য নতুন Feeder/সংযোজক খাল তৈরী করতে হয়।	মানিকতলা pumping station থেকে ময়লা জল এই নতুন নির্মিত station-এ আসে – মানিকতলা station-এ Town অংশের কিছু নতুন নিকাশী এলাকা জুড়ে দেওয়া হয়েছিল।
তোপসিয়া pumping station নির্মাণ	১৯৭২	Palmer's Bridge এবং বালিগঞ্জ pumping station-এর একটি অংশের ময়লা জল DWF খালে এসে মেশে, আরও পাওয়া যায় তোপসিয়া এলাকার নিকাশী ময়লা জল।	শহরের Suburban অংশের বেড়ে যাওয়া জায়গাগুলির নিকাশী এখানে আসে। এই এলাকায় কিছু পূর্ব অবস্থিত পুকুর বুজিয়ে ফেলা হয়েছে।

বিশেষ দ্রষ্টব্য – শহরের Town অংশের মূল নিকাশী বহন নালা এবং Suburban অংশেরনিকাশী বহন নালা বানতলায় পৌঁছে যাবার পরে মিশে যায় এবং SWF খাল চালু হয়।

১৯৪৪ সালে কলকাতায় একটি আলোচনাসভা হয় যাতে মৎস্য চাষে শহরের বাসিন্দাদের বাড়ির ময়লা জল ব্যবহার বিষয়ক কথাবার্তা হয়। কলকাতা পুরসভা এবং মৎস্য দপ্তর এতে অংশগ্রহণ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হবার পরে সারাদেশে প্রবল খাদ্য সংকট দেখা দেয় এবং একটি স্লোগান চালু হয় Grow More Food, আরও খাদ্য উৎপাদন কর। এই সময়ে অল্প দামে পুষ্টিকর খাবার হিসেবে মাছের চাহিদা খুবই বেড়ে যায়। তৎকালীন মৎস্য অধিকর্তা ডঃ সুন্দর লাল হোরা বলেন যে এটা প্রতিষ্ঠিত সত্য যে ময়লা জল ব্যবহার করে মাছ উৎপাদন করলে সবচেয়ে উপযুক্তভাবে ময়লা জল পরিশোধনের কাজ সম্পন্ন হবে।

এই কথাটাই এই এলাকার মাছ চাষীরা গ্রহণ করেছিলেন, তাদের জীবন দর্শন হিসেবে। এই বানতলা থেকে কড়াইডাঙ্গা পর্যন্ত নির্মিত Fishery Feeding Channel অনেক মাছের ভেড়িতে ময়লা জল যোগান দিয়ে তাদের বাঁচিয়ে রাখে। বিদ্যাধরী এই এলাকা থেকে চলে গেলেও তার শাখা উপশাখা এবং পরে সরকারের দ্বারা নির্মিত তথা ব্যক্তি মালিকদের কিছু নির্মিত খাল বা প্রশাখা খাল–সব একে অপরের সঙ্গে যুক্ত ছিল। পুরসভার ময়লা জলের খালের সঙ্গে যুক্ত হবার ফলে এদের চাষের এলাকা বেড়ে গেল এবং পরে মাছ চাষের সঙ্গে সঙ্গে সব্জী এবং ধান চাষেরও বৃদ্ধি হল। এই এলাকার ভৌগলিক চেহারা নিম্নোক্ত ছবিতে দেওয়া আছে। ১৯৬৬ সালে পুরসভা এই নিকাশী দায়িত্ব irrigation দপ্তরকে দিয়ে দেয় তখন কঠিন বর্জ্য আটকে দেবার tank গুলিতে আর তেমন কাজ হচ্ছিল না। কিন্তু ময়লা জল থিতানোর কাজ ভেড়িগুলিই করছিল।



কারিগরি নির্মাণ এবং পূর্ব কলকাতার জলাভূমির ভৌগলিক চিত্র

বিস্মৃতি ও পরিবর্তন –

১৯৬৩ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) Engineering Consortium নামে আমেরিকার কারিগরি-বিদ্যার বেসরকারি প্রতিষ্ঠান কে কলকাতা পাঠায়। তারা এখানে এসেছিল নগর পরিষেবার ব্যবস্থা (পানীয় জল, নিকাশী এবং ময়লা জল) আরও উন্নত করতে, জলবাহী রোগ যাতে সম্পূর্ণ কমে যায়। ময়লা জল পরিশোধনকে এঁরা কোন গুরুত্বই দেয়নি। তারা বলে যে বানতলায় অবস্থিত জল পরিশোধন ব্যবস্থা বাঁচিয়ে তোলার কোন প্রয়োজন নেই। সেই সময় হুগলী নদীর জল সুপেয় ছিল। তাঁরা DWF-কেও গুরুত্ব দেননি, শুধু SWF এর পরিচর্যা করবার পক্ষে মত দিয়েছিলেন। পূর্ব কলকাতার জলাভূমিকে শহরবাসী মনে রাখেনি, তাই কেউই সঠিকভাবে Engineering Consortium-কে এই জলাভূমির গুরুত্বের কথা জানাননি, কারণ তারা নিজেরাই জানতেন না। বরং ভারত সরকারের আয়ত্তাধীন গঙ্গাকে পরিশ্রুত করার পরিকল্পনা Ganga Action Plan পূর্ব কলকাতার জলাভূমির পরিশোধনের এই ব্যবস্থাকে গুরুত্ব দিয়েছিল। এই পরিকল্পনার উদ্দেশ্য ছিল গঙ্গার উপর অবস্থিত সমস্ত শহর যারা নদীতে ময়লা জল অপরিশুদ্ধ অবস্থায় ফেলে দিচ্ছে, তাদের ময়লা জল পরিশোধনের বিকল্প ব্যবস্থার সন্ধান খুঁজতে সাহায্য করা।

এই জলাভূমির মুখ্য প্রবক্তা ধ্রুবজ্যোতি ঘোষ যখন ১৯৮০ র দশকে প্রথম এই জায়গায় আসেন, তিনি বুঝেছিলেন যে এই জলাভূমি হল অগভীর পুকুর যা DWF থেকে ময়লা জল পায় এবং সেই জল পরিশোধন করে। এতে শহরের কৃত্রিম ব্যয়বহুল উপায়ে ময়লা জল পরিশোধনের খরচ বাঁচে। Ganga Action Plan এর প্রকল্পে কলকাতার জন্য যখন কম খরচের ময়লা জল পরিশোধনের ব্যবস্থা অনুসন্ধান করার নির্দেশ এসেছিল তখন, তিনি কঠোর পরিশ্রম করে জাতীয় পরিবেশ মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে এই জলাভূমিকে প্রকৃতি–বান্ধব উপায়ে কম খরচে ময়লা জলের পরিশোধন-ব্যবস্থা অর্থাৎ low cost sanitation option for wastewater treatment হিসাবে স্বীকৃতি নিয়ে এসেছিলেন।

ময়লা জলের যথেষ্ট জোগান পেয়ে সময়ের সাথে সাথে এখানকার চাষীরা এই জলটাকে সম্পদ হিসেবে ব্যবহার করে মাছ, সব্জী এবং ধান চাষ করার সুসংগতিপূর্ণ উপায় বার করে ফেলে। তারা ময়লা জলকে পোষক হিসেবে দেখতে শেখে, দূষক হিসেবে নয়। তথাকথিত পুঁথিবিদ্যায় পারদর্শী না হওয়ার জন্যই তারা অভিজ্ঞতালব্ধ জ্ঞান দিয়ে নিজেদের জীবনদর্শন পরিপুষ্ট করেছিল এবং পৃথিবীর সামনে তুলে ধরেছিল। এই সাধারণ জ্ঞানের গুণপনার থেকে আমাদের শিক্ষিত সমাজের অনেক কিছু শেখার আছে।

একই সঙ্গে ময়লা জল ও যত্ন করে পরিশোধিত হল। ময়লা জল মাছের পুকুরে (একে ভেড়িও বলা হয়) একটা নির্দিষ্ট পরিমাপে প্রবেশ করানো হয় এবং ২১ দিন পুকুরে থিতোনোর সময় দিতে হয়। পুকুরে Algae বা শ্যাওলা থাকে, আর ময়লা জলে এক ধরনের পোকা থাকে যার নাম Faecal Coliform, এদের দুজনের মধ্যে Carbon Dioxide এবং Oxygen আদান প্রদান হয়, পদ্ধতিটিকে বলে Algae Bacteria Symbiosis. এছাড়া সূর্য-রশ্মির সাহায্যে জৈব প্রথায় খাবার তৈরী হয় সালোক- সংশ্লেষের (Photosynthesis) এর মাধ্যমে। এই একাধিক জৈব-রাসায়নিক (Biochemical) পদ্ধতির দ্বারা Algae-র পরিমাণ বেড়ে যায় এবং সেটিই মাছের খাবার হিসেবে কাজ করে। একই সঙ্গে Faecal Coliform-এরও রাসায়নিক পরিবর্তন হয় এবং সে তার ক্ষতিকারক চরিত্র হারিয়ে ফেলে। ক্রান্তীয় দেশের শহরে যেখানে প্রচুর সূর্যরশ্মি আসে, সেখানে শহরের ময়লা জল পরিশোধনের সবচেয়ে ব্যয়সাধ্য উপায় হল অগভীর পুকুরে সূর্য-রশ্মির উপস্থিতিতে ময়লা জলে মাছ চাষ।

এই মাছ খাবারের পক্ষে কতটা উপযুক্ত এবং নিরাপদ এই নিয়ে বিভিন্ন সময় গবেষণা হয়েছে এবং এখনও হচ্ছে। মনে রাখতে হবে যে খাবার সময় মাছের আঁশ, কানকো এবং ডানার অংশ সম্পূর্ণ বাদ দিয়ে, মাছ ভালো করে ভেজে তবে খাওয়া হয়, তাই তাদের ক্ষতিকারক কোন অংশ খাবার হিসেবে আমাদের খাওয়ার সম্ভাবনা অত্যন্ত কম। বর্তমান গবেষণার দ্বারা এটা প্রমাণিত যে সঠিক নিয়ম ও প্রযুক্তির মাধ্যমে ময়লা জল ব্যবহার করে উৎপাদিত খাবার গ্রহণ মানব শরীরের পক্ষে নিরাপদ।

ধ্রুবজ্যোতি ঘোষ ১৯৮১ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত এই জায়গার নামকরণ, মানচিত্র অঙ্কন, বিশ্বের দরবারে তার কাহিনী তুলে ধরা, Ganga Action Plan-এর প্রেক্ষিতে জলাভূমির স্বীকৃতি প্রাপ্তি এবং তারপরে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Ramsar জলাভূমির স্বীকৃতি প্রাপ্তি – এই সবকিছুর পেছনে নিষ্ঠা সহকারে কাজ করেছেন। তারপর তিনি তার সরকারি চাকরি থেকে অবসর গ্রহণ করেন। ২০০৬ সালে East Kolkata Wetland Management Authority তৈরী হয় যাতে জলাভূমি সংরক্ষণের প্রশাসনিক দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করা যায়।

জলাভূমির কিছু টুকরো ছবি

বর্তমান কিছু সমস্যার কথা

১৯৬০ এর দশকে এই এলাকাটির একটা বড় অংশকে জলাভূমির চরিত্র পালটে মানুষের বসবাসের জায়গা হিসেবে তৈরি করা হয় এবং এখানকার মাছ উৎপাদন অনেকটা কমে যায়। সেই নগরায়ণ ছিল পরিকল্পিত নগরায়ণ আর আজকের দিনে জলাভূমিতে চোরাগোপ্তা অপরিকল্পিত নগরায়ণ জলাভূমির চারিদিকে ছড়িয়ে পড়েছে। মৎস্যজীবীদের ক্ষতি আগেও হয়েছিল, এখনও হচ্ছে। ২০১৫ সালে Indian Council of Social Science Research এর সঙ্গে যুক্ত প্রতিষ্ঠান Eastern Regional Centre একটি গবেষণার সূচনা করে যার দ্বারা বোঝা যায় যে ১৯৯৭ থেকে ২০১৫ সালের মধ্যে সারা বছর চলে এমন ভেড়ির সংখ্যা ২৬৪ থেকে কমে ২০২ হয়েছে। জলাভূমির মানচিত্র যখন প্রথম করা হয়, তখন মৌজা সংখ্যা ছিল ৩২। তার মধ্যে একটি বড় মৌজা ছিল

ভগবানপুর মৌজা। ২০০১ থেকে ২০১১ এর মধ্যে এই মৌজার জনসংখ্যা চারগুণ বেড়ে যায়। জল অংশ ২০০২ সালে ছিল ৮৮ শতাংশ, ২০০৬ সালে ৫৭ শতাংশ এবং ২০১৬ সালে ১৯ শতাংশ। বসবাসের অংশ ২০০২ তে ০.১৮ শতাংশ থেকে বেড়ে ২০১৬ সালে ১৩ শতাংশ হয়ে যায়।

ময়লা জলের অভাব

শহরের জনসংখ্যা বেড়ে চলেছে কিন্তু আশ্চর্যজনকভাবে ময়লা জলের যোগান কমে যাচ্ছে। এর কারণ খতিয়ে দেখার তেমন চেষ্টা করা হয়নি, তবে বর্তমানে কিছু গবেষণা থেকে বোঝা যাচ্ছে যে শহরের মাটির নীচের ময়লা জলের বাহক খালগুলি পরিষ্কার করা দ্রুত প্রয়োজন। তাছাড়া ভেড়ি খনন ও প্রয়োজন। অর্থের অভাবে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজগুলি হচ্ছে না। এর জন্য যে সমস্যা তৈরী হচ্ছে তাতে খাদ্যের উৎপাদন কমে যাচ্ছে, মানুষের জীবিকার অনিশ্চয়তা বেড়ে যাচ্ছে। আমরা এক অবশ্যম্ভাবী বিনাশের দিকে তাকিয়ে আছি।

এখনকার নিকাশী ও ময়লা জল নির্গমনের সমস্যা

২০০১ সালে World Bank কলকাতা পুরসভার অনুরোধে নিকাশী ও ময়লা জল নির্গমনের উপর একটি রিপোর্ট তৈরী করে যাতে বলা হয় ৪.৪ মিলিয়ন লোক এখানে বসবাস করছে, গত ৩-৪ দশকের এই অতি-দ্রুত জনসংখ্যা বৃদ্ধির জন্য ময়লা জলের বহমানতা পরিবর্তিত হয়েছে এবং pumping station এর সংখ্যা প্রচুর বেড়েছে। রিপোর্টে বলা হয় যে খাল সংস্কার নিয়মিত করতে হবে, বানতলার Lock Gate সারাতে হবে (সম্পন্ন হয়েছে) আর ঘুষিঘাটাতে pumping station বসাতে হবে। এটি সম্পর্কে আরও গবেষণার মাধ্যমে pumping station এখন আদৌ দরকার আছে কিনা, তা IIT Kharagpur খতিয়ে দেখছে। যে সমস্যাটি একটুও আলোচিত হয়নি সেটি হল সাধারণ মানুষের চেতনার অভাব, তারা কঠিন বর্জ্য ময়লা জলের খালে ফেলে দেয় এবং তাতে খাল ক্ষতিগ্রস্ত হয়।



Storm Weather Flow, Dry Weather Flow and Town Head Cut are long-lead channels that carry sewage out of the city to the River Kulti over a distance of 17 miles. By Dhruba Das Gupta on behalf of SCOPE, Kolkata

সমাপ্তি ~ জলবায়ু পরিবর্তন এবং ভবিষ্যতের পথ

কলকাতা শহরের ময়লা জল পূর্ব কলকাতার জলাভূমিকে টিকিয়ে রেখেছে, আবার জলাভূমি নিখরচায় ময়লা জল পরিষ্কার করে শহরকে বাঁচিয়ে রেখেছে। এই পারস্পরিক সহাবস্থানের রূপকারেরা আজ থেকে নব্বই বছর আগে যে কতটা দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন, সেটা আজকের এই জলবায়ু পরিবর্তনের নির্মম বাস্তবের দিনে তীব্রভাবে উপলব্ধি করা যায়। শহরের বাইরে নিকাশী নিয়ে যাওয়া যতটা গুরুত্বপূর্ণ ছিল, ততটাই প্রয়োজনীয় ছিল শহরের অভ্যন্তরীণ নিকাশী ব্যবস্থার সঠিক পরিকল্পনা, সেই সবকিছুই ড: বীরেন্দ্র নাথ দে'র হাত ধরে গড়ে উঠেছিল – তিনি pumping station এর সংখ্যা বাড়িয়ে দিয়েছিলেন যা পরবর্তীকালে আরো বৃদ্ধি পায়। এই ১৭ মাইল লম্বা নিকাশী খাল তৈরী হবার ফলে অতিবৃষ্টিতেও শহরের দীর্ঘ সময় জলমগ্ন হবার আশঙ্কা থাকেনা। জলবায়ু পরিবর্তনের নিরিখে অতিবৃষ্টি এবং দীর্ঘায়িত প্লাবনের হাত থেকে আমরা রক্ষা পাই। নগর পরিকল্পনার ক্ষেত্রে শহরের নিকাশী ব্যবস্থা, ময়লা জল পরিশোধন ব্যবস্থা এবং খাদ্য উৎপাদক জলাভূমির এই সমন্বয় সাধন আমাদের শহরকেটিকে থাকতে সাহায্য করেছে। কারিগরি বিদ্যা জনস্বার্থে এবং প্রকৃতি-বান্ধব উপায় মেনে কাজে লাগালে যে ফল ভালো হতে পারে, এর উৎকৃষ্ট উদাহরণ পূর্ব কলকাতার

জলাভূমি। শহরের কাছে খাদ্য উৎপাদনের ব্যবস্থা থাকলে আসলে যে শহরটার টিকে থাকার ক্ষমতা (sustainability) বৃদ্ধি পায়, এই জলাভূমিটি তার প্রমাণ হিসেবে বিদ্যমান। বিশেষ করে Irrigation দপ্তর খুব ভালো করে বোঝেন যে এই নিকাশী ব্যবস্থা কলকাতা শহরকে ধারণ করে রেখেছে। সমানভাবে গুরুত্বপূর্ণ হল যে জলাভূমি সমাজ এই এলাকার ecology-কে ধরে রেখেছে এবং ময়লা জল ব্যবহার করে গ্রাম এবং শহরের পরিকাঠামোগত সমন্বয়কে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করেছে। মানুষের সৃজনশীলতা সঠিক দিকে পরিচালিত হলে যে Ecology এবং সমাজ দুটোই টিকে থাকে, পূর্ব কলকাতার জলাভূমি তা প্রমাণ করে দেখিয়েছে।

শ্রদ্ধেয় যাঁরা

এই লেখাটি কয়েকজন নমস্য ব্যক্তিত্বের প্রতি আমার শ্রদ্ধা নিবেদন। ড: বীরেন্দ্র নাথ দে অন্যতম, তিনি আমাদের শহরের আগামীর নিকাশীর রূপকার ছিলেন। পি.সি বোস তাঁর পরেই এসে কেবলমাত্র পূর্বসুরীর কাজ এগিয়ে নিয়ে যান নি, তিনি স্মরণীয় থাকবেন ইতিহাস লিপিবদ্ধ করার জন্য এবং দূষণ নিয়ন্ত্রণ সম্পর্কে আগামী প্রজন্মকে সজাগ করার জন্য। ধ্রুবজ্যোতি ঘোষ এই আশ্চর্য অথচ বিস্মৃত জলাভূমির কাহিনী পুনরুজ্জীবিত করে সারা বিশ্বকে ময়লা জল দিয়ে জীবিকা নির্বাহের জীবনদর্শনের সঙ্গে পরিচিত করিয়েছিলেন, সেটি মনে দাগ কেটেছিল। আর আছেন বর্ষীয়ান মৎস্যজীবী তপন মন্ডল যিনি জলাভূমিকে নিয়ে আমার বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন। জলাভূমি সমাজ অভিজ্ঞতালব্ধ জ্ঞানের দ্বারা এই শহরের বেঁচে থাকার চাবিকাঠিকে টিকিয়ে রেখেছেন। সব শেষে শ্রদ্ধা জানাই মাকে, ওঁর খুব আগ্রহ ছিল পুরো লেখাটা দেখে যাবার, কিন্তু শেষ পর্য্যন্ত ওঁর আশীর্বাদের উপলব্ধিটুকুই আমার সম্বল ছিল।

প্রচ্ছদ ও ছবিসমূহ: ধ্রুবা দাশগুপ্ত ও অমৃতা চট্টোপাধ্যায়

দোহাই

এই লেখাটি এর আগে Institute Of Civil Engineering (ICE), UK দ্বারা প্রকাশিত " Engineering History And Heritage" সংকলন -এ "East Kolkata Wetlands : Integrating Sanitation, Engineering And Technology" নামে ইংরেজিতে প্রকাশিত হয়। ধ্রুবা দাশ গুপ্ত থার্ড লেন-এর পরিবেশ সংকলন উপলক্ষে ICE-এর অনুমতিসহ লেখাটি অনুবাদ করেছেন।

*****

Sundarbans: The Land of Eighteen Tides

Debojyoti Das

Drawing by Frederic Peter Layard after an original sketch of 1839. Picture Credit: Wikimedia Commons

River deltas comprise just one percent of global landscape but support over half a billion people. As you can see from the satellite imagery below, the Bay of Bengal delta is an amorphous space-an admixture of land and water, a cultural ecotone that transcends the political boundaries of India and Bangladesh. In recent years the littoral region has come to be recognised as 'the ground zero of climate change'. While deltas are nowadays considered important food baskets that have increasingly become vulnerable to food insecurity and environmental degradation, they have also remained largely marginal to national imagination and have been neglected within the discipline of area studies. With increasing threats from global warning and sea level rise, deltas must now take centre-stage in understanding the 'grand challenges' of our time before it is too late.

Before the universalisation of the term Sundarbans (etymologically meaning 'beautiful forest'), the part land and part water landscape were referred to in the literature of the Middle Ages as the land of eighteen tides, *atharo bhatir desh*. This reflected the agency of the watery landscape; and recognized the 'tides', 'ocean', 'rivers' and 'tributaries' that shape the history, culture and ecology of the deltas.

Satellite image of the Sundarbans, world's largest bird footed delta (photo credit: Deimos imaging SLU)

The delta is one of the most amazing examples of a transient environment where nothing remains permanent. The landmass is constantly on the move – shaped by the fluvial processes of the Ganges, the Brahmaputra and the Padma River. The Sundarbans form the largest bird-footed delta in the world and support a megaphonic 'ecotone' composed of the mangrove ecosystem that support biodiversity and shields the islands from tropical storms and deadly cyclones.

Legend has it that the Sundarban delta is a part of the *patal lok* mentioned in our *puranic* literature that signifies the underworld -a place of hell teeming with serpents, crocodiles and other more-than-human entities that represent darkness, evil

and chaos. From the *puranic* literature to the contemporary times, the delta has emerged as an excluded exotic space in the popular imagination of Bengal – the sinister mythological representations got reinforced by the colonial characterization of the deltas' vast saturated landmass as unproductive 'waste'land to be reclaimed through the building of embankments and the clearing of mangrove forests for human habitation that started in the late 18th century with the passing of Permeant Settlement Act.

This colonial intervention was crucial in the history of the deltas This colonial intervention was the first of its kind and remains crucial in the history of the deltas, - for it imposed on the region, the distinctly western notion of land-based "property-thinking" that ultimately shaped the utilitarian project of imagining the watery landscape as a revenue frontier of Bengal Presidency. This had a significant impact on the local ecology as it also led to the property-based approach of looking at certain kinds of land as unproductive land or "Wasteland". The ethical framework behind this line of thought came from English utilitarian thinkers like John Lock and John Stewart Mill. In this context the vast mangrove wetlands emerged as "wastelands" in the eyes of colonial administrators who wanted this primarily fluvial geography to be reclaimed for settled agriculture that will fill the coffers of the Bengal Presidency. This kind of unilateral imagination of nature had its own pitfalls as, over time, it exposed the delta environment to severe tropical storms, cyclones and Tsunami as the mangrove forest cover was cleared to create settlements for immigrants and landless peasants.

The Sundarbans: A Cultural Ecotone

The deltas are a part of a biodiversity hotspot- a 'megafauna' that connects the region with the wider littoral world. The interconnectedness and coexistence of human

communities and cultures produces diverse landscapes, which can well be compared with the diversity of human geography and the notion of the 'ecotone' in ecology.

In the recent past, the concept of 'ecotone' has found a wide range of application – from the world of environmental studies or landscape geography to a broad space of human geography. For cultural geographers and environmental anthropologists who have promoted the ontological turn in social theory since the 1990s, the emphasis on elements andspecies beyond the human presents the cosmopolitan understanding of the relationship between nature and culture.

According to Mark Sutton and E.N. Anderson, 'cultural ecotone' is a contact zone where the cultural space of two different communities of human beings with diverse socio-ecological realities meet and merge. In the context of Sundarbans, it is represented in subsistence agriculture-based economies of peasants that has merged with fisherfolk and forest gores which in turn comprise a variety of caste groups. This is a zone of intercultural encounter where the seeds of transculturality have been incubated and grown, over several historical periods. The Sundarban deltas present a 'cultural ecotone' where the confluence of different tribes, races, communities and belief systems has produced a hybrid social space reflected in people's everyday practices such as the worship of *Bonbibi*, the lady of the forest, who belongs to the vernacular liturgical tradition of the region and symbolises the unity between the Hindu and Muslim pantheon in the island. The works of stalwart historians like Richard Eaton (1993) and Nile Green (2008) offer exciting possibilities for deconstructing the old paradigm of Islam as a monolithic 'World Religion' and Hinduism as a Sanskrit-ised Indological tradition. The Bengal delta with its unique geography and 'ecotonic' transition has historically played the role of a corridor to nurture an exciting space for transregional diffusion of cultures and beliefs that have produced 'hybrids'. Here hard borders/ boundaries are absent and

do not define social identity. Rather identities are co-produced by the liminal nature of these shifting landscapes that are malleable and ever changing with the turning tides, cyclones, floods, and the migration of people across the Indian Ocean world.

Reading The Sundarbans: The Literature of The Deltas

While the *puthi* literature presents a genealogical understanding of nature and culture, these records were written and commissioned by the privileged Bengali Brahmins who introduced *Dharam* worship into the region by adopting local gods into the wider ambit of Hindu fold. Examples of this religious co-opting can be found in the eulogizing of *Manasa* the goddess of serpents, *Sitala* the goddess of measles and the battle of *Dakhin Rai* and *Bonbibi* who have long been classified as folk deities. This incorporation of local sylvan deities into the religious pantheons of Bengal itself hints at the creation of a hybrid social space within the Sankrit-ised Hindu fold. This transformation occurred primarily in the marshy parts of the Sundarbans deltas now in Bangladesh, beyond the *Rhar bhumi* (the eastern part of Bengal, east of Ganges River).

While anthropologists have classified the local beliefs into a two-tier system with 'little' and 'great' traditions, I find this classification challenging because there are various versions of *Ramayan* and *Mahabhara* retold by local scholars, scribe writers and narrated by local scroll artists- *patachitrakars* and doggerel poem singers. Rather, the diffusion between great epics and the 'little' local traditions is what expresses the liminal religiosity and syncretic religious practices of the Sundarbans delta. For example, Pika Ghosh (2003, pp 387) in her work *Unrolling a scroll narrative*, observes that the 'goddess Durga plays a prominent role in the Bengali version of the *Ramayan* on behalf of Rama in his battle with Ravana'. In Bengal, which had no "authentic" classical tradition of its own, folk culture came to

be seen not merely as the archetypal Other but also as the source of a reconstituted tradition that the region could hold up as an exemplar for India as a whole. Beginning with its roots in the ideology of romantic nationalism, folklore has thus seen much reordering in contemporary India.

Bahadur chitrakar – scroll painter of Medinipur (Naya Pingla village) reciting Ramayana with Durga as protagonist (Proto credit Dr. Anindita Kundu Saha).

The *puthi* literature of the Sundarban deltas thus provides a diachronic understanding of the social and political ecology of the region. In this article, I will try to argue why conservation efforts and community work in the region need to go hand in hand – it is important, while caring for the environment in the deltas to understand not only the bio physical ecotone of the region but also the social and cultural hybridity of the place. The foundation of my ontology stands on two premises- 1). The 'ethics of care' for non-human subjects and the morality of controlling self-indulgence highlighted in *puthi* literature and, 2). The growing debate within deep ecological thinking about ecological egalinitarism and biocentrism, a move that distinctly shifts away from the earlier positivist and post-enlightenment anthropocentrism. These concepts are crucial towards understanding human care for the non-human. The human and non-human aspects of nature cannot be seen as the competing ecologies that modern scientific shallow ecological discourse would have usbelieve. The *puthi* literature, for example, *Bonobibi Jawaharnama* and *Manasa Mangal* attend to the concepts of biocentrism and ecological egalinitarism where humans are seen as part of nature and not as dominant or superior agents.



Folio of Satya Pirer Panchali, 19th Century, Sundarban Ancholik Sangraysala Collection. BL EAP 759 collection.



Folio of Manasa Mangal- 17th century, South 24 Pargana, West Bengal, India (Source: British Library EAP 759 project image).

The Importance of Land Over Water In An Amphibious Ecotone

Notably, much of this research on Sundarbans' literature has been essentially on *terra firma*: the obsession with permanence and stable land still remains unquestioned when talking about hybridity. Such an unchallenged acceptance of land-based physical environment as the essence of landscape assemblages contradicts the fluidity inherent in the conceptualisation of hybridity. More importantly, it undermines the postcolonial origins of the idea of hybridity and its association with anti-essentialism as proposed by Bhabha and Nandy (see Bhabha, 1994; Nandy, 1983). In other words, the invocation of socio-natural might risk the conceptualization of hybridity in precisely absolute terms, leaning instead, upon the amalgamation of two or more elements. This is true of the Sundarbans delta where the *Puthi* literature has been appropriated by Bengali scribe writers and proponents of *Dharma* Sanskritised literature during the Middle Ages to support popular aspiration of the society as well as elevate localised belief system to the mainstream pantheon of Hinduism. The one-dimensional classification of 'little' and 'great' traditions as autonomous belief practices proposed in the ethnographies of McKim Marriot and Milton Singer through their studies among small communities in India during the 1960-70 established a rupture in the study of complex Indian society influenced by orientalist-Indological thinking and Sanskritization which was not very popular in Bengals littoral environment where people still wrote in vernacular Bengali and were embedded in popular cultural practices. The great epics of Hinduism such as *Ramayan* and *Mahabharat* also find regional variations in the text and multiple meanings are drawn out of these epics in the local context by scroll painters- *patachitrakars* of Bengal. As historian Jawahar Sarkar notes, "the valorising of the popular deities of the 'depressed' masses of the region would, in effect, permit or facilitate the Brahman's entry into this hitherto-abjured realm of

'low' local worships. Both the two acts of adjustment, popular deities of the *antyajas* within the Hindu pantheon and of the 'new agriculturists' who rose largely from among these forsaken castes that were either within or on the periphery of the Hindu fold".

"Though *Dharma, Manasa, Chandi* and the peasant-*Shiva* of Bengal were the main folk deities that thus entered the general Hindu's pantheon in western Bengal, thanks chiefly to this genre of balladic poems, even lesser goddesses like *Annada, Kalika, Sitala* and *Shasthi*, as well as minor male divinities such as *Dakshin Ray* and *Panchananda*, also received homage through their respective *Mangals*." (Sarkar 2010).

According to Sarkar, "The *Mangal Kavyas* were in the language of the masses – Bangla – and were undertaken not by Brahman scholars of high standing and repute at the well-maintained 'seminaries', but by individual rural poets, most of who were Brahmins — perhaps with no coordination among themselves".

Likewise, this cultural hybridity is reflected in the contacts that the littoral rim has established with the wider Indian Ocean world across west, middle and southeast Asia from where Islamic influence has penetrated through presentization carried out by *pirs*– holy saints of the Bengal delta detached from the Mughal empires of central India.

Colonial Property Rights in The Delta: Fashioning Hard Borders/Edges

The colonial period was a watershed in the delta's history that swept their hybrid landscape under the carpet by promoting a false material consciousness of 'waste' developed out of Locke's 'natural rights', by dividing land and water into units of quantifiable objects for economic use. As a consequence, land reclamation gained

momentum in the Bengal delta through construction of embankments and dikes that were originally not designed for permanent human habitation. This brought cataclysmic change to the physical landscape of the delta.

According to Rohan D'souza the Cartesian division of land from water was driven by revenue concerns of the Bengal presidency that resulted in control of the river and its flow. The Bengal delta soon became 'the great environmental laboratory' (Hill, 1997) to 'test European theories on the purpose, use, and control of nature in all its manifestations, the annual floods became more disastrous and riverbank erosion increased' (Lahiri-Dutt, 2008). Both the Permanent Settlement Act 1793 and Bengal Alluvium and Diluvium Act of 1825 established absolute and permanent land rights over a fluid and transforming landscape leading to the creation of artificial hard borders that were contested in the court of law by local owners of the land. Legal jurisdiction of land went hand in hand with engineering and techno-managerial controls imposed by hydraulic experts. In this process the fluid and transient world of the delta's waterscape became invisible as land became central to colonial capitalist and mercantile expropriation. This notion continues to hold sway in the postcolonial period.

The Forest Frontier In ***Badabhon***

With the extension of power that has come from the western pursuit of modernisation and creation of timber plantation, forests have become the target of exploitation for their natural resources. The term 'political forest' (Vandergeest and Peluso, 2015, as cited by Devine & Baca, 2020) captures the notion that today's forests have been *produced* through politics. A history of colonial powers, intervention by international organisations, economic values, and politics from complex articulations of power and practice have transformed forests from 'natural

entities' to "territorial zones" and "state-held territories" (Devine & Baca, 2020) . The "modern forest" is a place where the politics of sustainability can clearly be observed.

Arguably, the greatest contributions have been made by environmental historians who have illuminated the changing relationship between humanity and nature (see Radkau, 2008). Their early work attempted to emphasise the "social construction" of nature, such as forests (see Jeffrey, 1998). From this, studies moved on to what Agrawal and Sivaramakrishnan (2001) describe as "social nature", where the artificiality of boundaries between arable lands, forests, and pastures are demolished, problematizing the ways in which certain modes of livelihoods are commonly associated with each of these categories. Environmental historians have reminded us that these are primarily applied administrative categories (Whitehead, 2010) marked by significant movements within and between them. They have recognized the unclassifiable mixed cases and the strong interdependence between various modes of livelihood, the radical changes in landscapes over time, and human strategies of land use that defy the simple distinctions (Scott, 2001, vii). Another thread in their work has been intensive questioning of what comprises environmental knowledge, not only critiquing the subjective position of knowledge producers, but also investigating how knowledge is produced, contested, legitimated, and hybridized (Skaria, 1999). In South Asia, environmental scholars have emphasized the interdependence of biophysical and socio-cultural domains and highlighted the importance of considering poor people's livelihoods as entrenched in local ecology (Gadgil and Guha, 1992; Guha, 1994). The Sundarban deltas have also been part of this treatment.

Khitish Bishals oil painting representing destruction of forest in the Sundarbans.

The archipelago of the Sunderbans are classical examples of lands at the margins; they are elusive and indefinable. By turning them into revenue generating paddy and shrimp farms, we thought we were protecting them as well as ourselves. Embankments and polders increase the force of wave action and lead to greater coastal erosion and rise in salinity level. Building embankments across the Sundarbans to reclaim wetlands in the last one hundred years did not expand the food basket of the Bengal delta, but merely deprived its contiguous farmlands of vital nutrients. Construction of dams and straightening of rivers have been equally disastrous for the lives of fish, animals and the people that rely on them.

According to Professor R. A Gillis, 'Living an ecotonal existence, islanders are amazingly sensitive and adaptable to the conditions of both land and water. Their relationship to nature is by no means passive. Indeed, they have been shaping their own environments for millennia.' (Gillis: p158). It is particularly important to understand that island history is a co-construction of humans and nature. Global history has enough lessons to make us wary of reifying political borders, but we must also be prepared to treat our so-called natural boundaries as equally liquid. Land and water constitute an ecological continuum. We need to be wary of distinguishing the marine too sharply from the terrestrial.

Until quite recently, deltas have been regarded as marginal. Island communities have been of secondary interest to historians and geographers. But now we are beginning to appreciate the centrality of the marginal. Take the delta mangroves, for example. For most of the twentieth century, thousands of kilometres of mangroves have been destroyed in the name of agricultural modernization and urbanization. But now this ecotonal feature is again being recognized as vital to the health of the fields it borders, and to the maintenance of biodiversity generally, after decades of ploughing right up to the edges of their fields, farmers have begun to become aware of the vulnerability of monocultures, the disappearance not only of plant, but animal and bird species. Lately, farmers are again hedging their fields, creating ecotones between forest and field, streams and pastures to prevent erosion and pollution, thereby protecting their bets against flood and tropical cyclones. It is in this moment of planatary crisis- climate change- that we are rediscovering the need for reimagining evanescent environment such as deltas as culturally and socially relevant.

Declining mangrove forest of the Sundarbans Delta: Kumirmari, South 24 Pargana, India

Human activities in the Sundarbans delta: Concrete Road and embankment building programme after Aila cyclone in 2009.

*****

পরিবেশগত উদ্বাস্তু: বাংলাদেশের সুন্দরবন সংলগ্ন জনপদে মানুষের ঢেউ

গৌরাঙ্গ নন্দী

বাংলাদেশ-এর ক্লাইমেট রিফিউজি সমস্যা - ছবি: ইউনিসেফ

সুন্দরবন সংলগ্ন দাকোপ উপজেলার ঢাকি নদীর তীরে বাড়ি ছিল মনোরঞ্জন রায়ের। এলাকার মধ্যে ধনাঢ্য পরিবার হিসেবে তিনি পরিচিত ছিলেন। কিন্তু আচমকাই ২০০৯ সালের ২৫ মে ঘূর্ণিঝড় আইলায় তাঁর মহা-সর্বনাশ ঘটে। তাঁর বাড়ি-ঘর নদীগর্ভে বিলীন হয়ে যায়। এক বছরের মধ্যেই চোখের সামনে একটু একটু করে বাড়ি-ঘর, গাছ-গাছালি সহ ষাট বিঘে জমি নদীর সাথে মিশে যায়। তিনি এখন পাশের গ্রাম কামারখোলায় জমি কিনে বাড়ি করেছেন; তবে ছোট ভাইয়ের আবাস হয়েছে চালনায় (দাকোপ উপজেলা সদরে)। তিন ছেলের এক ছেলে থাকেন উপজেলা সদরে, এক ছেলে জেলা সদর খুলনা শহরে এবং আর এক ছেলে থাকেন ভারতের আসাম রাজ্যে।

সুন্দরবন উপকূলীয় জনপদে মনোরঞ্জন রায়ের মত অসংখ্য গল্প ছড়িয়ে আছে। সামর্থ্য ছিল বলেই তিনি আবারও জমি কিনে কাছেই বাড়ি করতে পেরেছেন; যাঁর সামর্থ্য নেই তিনি কাজ পাওয়া যাবে এমন সুবিধামত জায়গায় চলে গিয়েছেন; তাই সেটি নিকটবর্তী উপজেলা বা জেলা শহর হোক, দেশের যে কোন প্রান্তে হোক অথবা দেশান্তরেই হোক, মানুষ এলাকা ছেড়ে যাচ্ছে। এটি স্থানান্তর (মাইগ্রেশন), স্থানচ্যুতি (ডিসপ্লেসমেন্ট), না-কি পরিবেশগত উদ্বাস্তু তা নিয়ে বিতর্ক থাকতে পারে; তবে মানুষ যে এলাকা ছাড়ছে, এটা সত্যি। অধিকাংশ ক্ষেত্রেই নীতি-নির্ধারণী মহল একথা স্বীকার করতে চায় না, গোলটা বাধে, এখানেই।

ভৌগোলিক অবস্থান

দুর্যোগে-দুর্ভোগে পড়ে মানুষের স্থানত্যাগ- এই বিষয়টি দেখা হয়েছে সুন্দরবন (বাংলাদেশ অংশ) সংলগ্ন খুলনা জেলার দাকোপ উপজেলার কামারখোলা ও সুতারখালি ইউনিয়ন পরিষদ নিয়ে গড়ে ওঠা একটি দ্বীপাঞ্চল কে কেন্দ্র করে। এটি বা-পাউবো (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড)-এর ৩২ নং পোল্ডার। এর চারপাশেই নদী। উত্তরে ঢাকি নদী, পশ্চিমে শিবসা নদী, পূর্বে ভদ্রা এবং দক্ষিণে সুতারখালি (ভদ্রা) নদী। তিন দিকে বসতি; একপাশে সুন্দরবন। এলাকাটি একটি প্লেটের ন্যায়, নদীর ধারে বসতি এলাকা অপেক্ষাকৃত উঁচু, তুলনায় ভিতরকার ভূমি নীচু। ১৯৬০এর দশকে নদী-বাঁধ দিয়ে একটি সমন্বিত পানি ব্যবস্থাপনা পদ্ধতি বা পোল্ডার (নদী-বাঁধ, স্লুইস গেইট প্রভৃতি সমন্বয়ে গড়ে ওঠা পানি ব্যবস্থাপনা পদ্ধতিকে পোল্ডার বলে। এটি একটি ডাচ শব্দ) গড়ে তোলা হয়। ১৯৮০এর দশকে এই নদী-বাঁধ কেটে নদীর নোনা পানি তুলে বহিরাগতরা চিংড়ি চাষ শুরু করে; পরবর্তীতে স্থানীয়রাও চিংড়ি চাষে সম্পৃক্ত হয়। ২০০৭ সালের দিকে স্থানীয়রা চিংড়ি চাষ ছেড়ে আবারও ধান চাষে ফিরে আসেন। ততোদিনে নোনা পানি তুলতে বারংবার নদী-বাঁধ কাটায় তা দুর্বল হয়ে পড়ে, অন্যদিকে নদীতে জোয়ারের প্রাবল্য দেখা দেয়। জলবায়ু পরিবর্তনজনিত কারণে ঘন ঘন

সৃষ্ট ঘূর্ণিঝড়ে জলোচ্ছ্বাসের দাপটে নদী-ভাঙ্গন একটি গুরুতর প্রাকৃতিক সমস্যা হিসেবে আবির্ভূত হয়।

এলাকা ছেড়ে যাওয়া মানুষেরা

মনোরঞ্জন রায়ের পরিবারে বিপর্যয় শুরু হয় ঘূর্ণিঝড় আইলার সময় হতে। ২০০৯ সালের ২৫ মে আইলা আঘাত হানে। দাকোপের ঢাকি নদীর পাড়ে বাঁধ ছিল, যা ওই ঝড়ের দিনে ভেঙ্গে যায়; যাতে একটি নালা তৈরি হয়। বাঁধের ভাঙ্গনটি যখন ছোট ছিল, তখন কেউই গুরুত্ব দেয়নি। পরে যখন ভাঙন মেরামত করে বাঁধ পুনর্গঠনের চেষ্টা করা হলো, তখন আর নদীর শ্রোত আটকানো যায়নি। ভাঙন ততদিনে অনেক বড় হয়েছে। নদীর জোয়ারের প্রবল চাপে সেই নালা ধীরে ধীরে বড় হয়। পানি হু হু করে বিলমুখো প্রবেশ করতে থাকে, আর ভাঙ্গনের স্থান আরও বড় হতে থাকে, যা এক সময়ে বিশাল এক নদীর আকার ধারণ করে। আর এর প্রতিক্রিয়াস্বরূপ আশেপাশের জনপদ ভাঙতে শুরু করে। এর ফল হিসেবে ছোট জালিয়াখালি গ্রামটি সম্পূর্ণ নদীগর্ভে চলে গিয়েছে। পাল্টে গেছে খুলনা জেলার দাকোপ উপজেলার কামারখোলা ইউনিয়নের মানচিত্র। এর ফলে ছোট জালিয়াখালির মানুষগুলো একেবারে পথে বসেছে। অবশ্য, এখন সেখানে বিশাল এলাকা বাদ দিয়ে বাঁধ *(চিত্র-১)* দেওয়া হয়েছে। বাদ দেওয়া এলাকাটি এখনও জোয়ারের পানিতে তলিয়ে যায়, ভাটায় পানি সরে গেলে ভেসে ওঠে।

চিত্র ১: আইলার পরে জালিয়াখালিতে নতুন করে দেওয়া বাঁধের একাংশ।

গ্রামটি গিয়েছে, গ্রামের মানুষগুলোর মধ্যে ২২টি পরিবার এখনও বাঁধের কোণায় বসবাস করে; বাকি সকলেই তাদের সুবিধেমত জায়গায় চলে গিয়েছে। এলাকাবাসীর তথ্যমতে, ছোট জালিয়াখালি গ্রামে ৮০টি পরিবার বসবাস করত। লোকসংখ্যা ছিল প্রায় ৫০০। *(চিত্রসমূহ-২)*

চিত্রসমূহ-২: জালিয়াখালির নদীভাঙ্গনের কুলে (নদী-বাঁধের বাইরে) ভিটেহারা মানুষের বাস।

মনোরঞ্জন রায়

মনোরঞ্জন রায় (৭২) জানান, তাঁর বসতবাড়িসহ ফসলের জমি ছিল প্রায় ৬০ বিঘা। তিনি ও তাঁর ভাইয়ের চারটি একতলা পাকা ভবন ছিল। ধানের গোলা ছিল। তাঁর একারই নারকেল গাছ ছিল ৬৫টি। আইলার আঘাতে এলাকা প্লাবিত হলে তাঁর বাড়িঘরও পানিতে ডুবে যায়, তাঁর পরিবারসহ গ্রামটির সকলেই বাড়ি থেকে বেরিয়ে বাঁধের অক্ষত স্থানে ঠাঁই নেন।

তাঁর বাড়িটি ভাঙ্গনের মুখে পড়ে। প্রতিদিন একটু একটু করে তাঁর বাড়িটি নদীতে তলিয়ে যেতে থাকে। যতো দিন গেছে ততো তাঁর জমি নদীর পেটে গেছে। চোখের সামনেই তিনি এভাবে তাঁর সম্পদ হারিয়ে যেতে দেখেন। মনোরঞ্জন রায়ের কথায়, 'চোখের সামনেই আমার বাড়িসহ গোটা গ্রামটি হারায় গেল। মানচিত্র বদলে গেল।'

নদী-বাঁধের বাইরে (নদীর কুলে) বসবাসরতদের খাবার ও পানি রাখার পাত্র

দুর্ভোগে পড়া মানুষেরা জানান, ভাঙ্গনের ওই স্থানে বাঁধ খুবই দুর্বল ছিল। বাগদা চিংড়ি চাষের জন্য সেখানে বাঁধ কেটে ক্ষত তৈরি করা হয়েছিল। আইলায় সৃষ্ট জলোচ্ছ্বাসের তোড়ে ওই ভাঙ্গা স্থানটি বড় হয়। যা পরে আরও বড় হয়ে ভয়ঙ্কর বিপর্যয় ঘটায়। আইলায় টিকে থাকা বাঁধের উপর বছরের পর বছর পরিবারগুলো টিকেছিল।

পুনর্বাসনের কোন আশা না দেখে একে একে প্রায় সকলেই স্থান ত্যাগ করেছে। এখানকার অনেকগুলো পরিবার ভারতে চলে গিয়েছে। এদের মধ্যে রণজিৎ রায়, মনোজিৎ রায়, ভূপতি জোদ্দার, ভবেন জোদ্দার, তপন মন্ডল, সুশান্ত মন্ডল, স্বপন মন্ডল, অর্ণব রায় ও পূর্ণিমা মন্ডলের পরিবার অন্যতম। বিপ্লব হালদার ও নিমাই ঢালীর পরিবার ভারতে চলে গিয়েছিল, তবে তারা ফিরে এসেছে।

দাকোপ উপজেলার সর্বশেষ জনবসতি সুতারখালী ইউনিয়নের কালাবগি গ্রাম। এখানে ভদ্রা (সুতারখালি) ও শিবসা নদী মিলিত হয়ে দক্ষিণে সাগরমুখো হয়েছে। নদীর দক্ষিণ পাড়ে সুন্দরবন। উত্তরে মাটির বাঁধ দিয়ে প্রমত্তা ভদ্রা-শিবসাকে আটকে রেখে জনপদ টিকিয়ে রাখার চেষ্টা চলেছে। জোয়ারের পানির দাপটে বারবার বাঁধ ভাঙছে। আর বসতি এলাকা কমছে। আইলা আঘাত হানার পর এই ভাঙনের তীব্রতা বেড়েছে। জীবনধারণ এখানে কষ্টকর হয়ে পড়েছে। কাজ নেই। ফসল নেই। খাবার পানি নেই। আছে নোনা পানির চিংড়ি চাষ। তাও গুটিকয়েক মানুষ তা নিয়ন্ত্রণ করে। ফলে উপায়হীন মানুষগুলো এলাকা ছাড়ছে। বাড়ছে উদ্বাস্তুর সংখ্যা।

এলাকাবাসী জানান, যার যেমন সুযোগ আছে, সে সেদিকে চলে গেছে। পাশের কৈলাশগঞ্জ ইউনিয়নের রামনগর গ্রামে ২৬টি পরিবার নতুন বসতি গড়ে তুলেছে। তারা ওই নতুন বসতির নাম দিয়েছে ‘অতিথি পাড়া’। এদের সকলেরই বাস ছিল কালাবগিতে। তবে এখানকার পুরুষ সদস্যরা বেশিরভাগ কাজের জন্য এখনও সুন্দরবন বা কালাবগির উপর নির্ভর করে। ভোর হতে না হতেই

তারা নৌকা নিয়ে মাছ, চিংড়ি পোনা, কাঁকড়া সংগ্রহে বেরিয়ে পড়ে। সারাদিন কাজ করে সন্ধ্যায় 'অতিথি পাড়া'র বাড়িতে ফেরে।

কামারখোলার ঠাকুরবাড়ি খেয়াঘাট পার হলেই কৈলাশগঞ্জের রামনগর। সামান্য এগোলেই চোখে পড়ে রাস্তার দুই ধারে গড়ে ওঠা 'অতিথি পাড়া'। এখানে বসতি তৈরি করেছেন কেনা সরদার, মোতালেব মোড়ল, পুলিন মন্ডল, গৌরপদ মন্ডল, নীহার মন্ডল, ললিত চন্দ্র মন্ডলের পরিবার। তাঁদের সবারই বাড়ি ছিল কালাবগিতে। আইলার পর ধীরে ধীরে তাঁরা এখানে এসে বসতি গড়ে তুলেছেন। এখানকার একাধিকজন জানান, কালাবগিতে বাস করার সুযোগ কমে আসছিল। নদী-ভাঙ্গনে এলাকা নদীর পেটে যাচ্ছিল। আইলার পর থেকে ভিটেমাটি আঁকড়ে বেঁচে থাকার কোনো উপায় ছিল না, সে কারণে চলে আসতে বাধ্য হয়েছেন। কালাবগির কবির খানসহ চার পরিবারের সদস্যরা এখন বসবাস করেন খুলনা শহরের গল্লামারীর জিরো পয়েন্ট এলাকার কাছে। কবির খান বলেন, 'কালাবগিতে আমাদের জমিজমা বেশি ছিল না। থাকার জায়গাটুকু ছিল। দিনমজুরি ছিল আয়। আইলার পরে কাজের সংকট দেখা দেয়। বাধ্য হয়ে খুলনা শহরে চলে আসি। এখানে শহরের কাছাকাছি থাকায় কাজ জোগাড়ে সুবিধা হয়। প্রতিদিনই কোনো না কোনো কাজ পাই, ভালোই আছি।' এখানকার পরিবারগুলো আর গ্রামে ফিরে যেতে চায় না।

সুতারখালী ইউনিয়নের বাসিন্দা শফিকুল ইসলাম আছেন খুলনা শহরের বসুপাড়া রহমতপাড়া মসজিদের কাছে। আইলার পর তিনি এখানে চলে আসেন। যখন যে কাজ জোটে তাই করেন। কখনো রাজমিস্ত্রির সহকারী, কখনো দিনমজুরি, কখনো রিকশাও চালান তিনি। তাঁর ভাষায়, 'গ্রামে কাজ নেই। এখানে কাজ আছে। ভালো আছি।'

কালাবগির ভূদেব রায়ের পরিবারও এলাকা ছেড়েছে। তিনি এখন একই উপজেলার বাজুয়ায় বসবাস করেন। সুকুমার রায়ের পরিবার এখন কৈলাশগঞ্জের হরিণটানায় বাস করে। উপার্জন গাইন গেছেন বাণিশান্তায়, শ্বশুরবাড়ি এলাকায়। তবে এখানকার বেশ উল্লেখযোগ্য সংখ্যক পরিবার ভারতে চলে গেছে। ২০০৯ সালেই আইলার পরপর নির্মল রায়ের পরিবার ভারত চলে যায়। ভবেশ রায়ের পরিবার গেছে ২০১০ সালে। তিনি এখন থাকেন মহারাষ্ট্রে। ওই একই বছরে গেছে অমল রায়, মৃণাল রায় ও প্রকাশ রায়ের পরিবার। অমল ও মৃণাল রায়ের পরিবার থাকে কলকাতা শহরে। প্রকাশ রায়ের পরিবার থাকে বারাসাতের পিয়ালিতে। ২০১২ সালে ভারতে পাড়ি জমিয়েছে জিতেন্দ্রনাথ রায়, শ্যামল মন্ডল, অমল মন্ডল ও মহাদেব মন্ডলের পরিবার। আইলার পর ভদ্রা-শিবসার প্রবল ভাঙনে ভিটেমাটি হারিয়ে বুদ্ধিশ্বর গাইন ২০১৩ সালে ভারতে পাড়ি জমান।

সোনাই মল্লিকের বাড়িও ছিল সুতারখালী ইউনিয়নের নলিয়ান গ্রামে। এখন পুরো পরিবার নিয়ে ঠাঁই নিয়েছেন পাহাড়ি জনপদ বান্দরবানে। সোনাই মল্লিকের পরিবারটি আইলার পর খুলনা শহরে চলে যান। কিন্তু কিছুদিন পর জীবন-জীবিকা টিকিয়ে রাখতে চলে যান বান্দরবান। সেখানে পাহাড় কেটে জনবসতি তৈরি করা হয়েছে।

নলিয়ানের কেওড়াতলী গ্রামে নদীর পারে তাঁদের সাজানো-গোছানো ভিটে ছিলে। দুই ছেলে ও এক মেয়ে নিয়ে তাঁদের ভালোই কাটছিল। ছিল গরু, ছাগল, হাঁস-মুরগি সবই। কিন্তু সর্বনাশা আইলা তাঁদের সব কেড়ে নিয়েছে। বসতির জমিটুকুও চলে যায় নদীগর্ভে। খুলনা শহরে গিয়েও দিন কাটানোর মতো স্বাচ্ছন্দ্য তৈরি করতে না পারায় চলে যান বান্দরবান। সেখানে পাহাড়ের ওপর ঘর তৈরি করেছেন। স্বামী ও ছেলে ফার্নিচারের কাজ করেন।

আইলা-পরবর্তী নদীভাঙনে কালাবগী গ্রামের বাসিন্দা আব্দুস সালাম ঢালীর (৭০) ভিটেমাটি চলে গেলেও তিনি এলাকা ছাড়েননি। এখনো বাস করেন বাঁধে। কালাবগী বিলে তাঁর ৫০ বিঘা জমি ছিল। কিন্তু আইলার পর একটু একটু করে সব জমিই চলে গেছে নদীগর্ভে। তাঁর অভিযোগ, সরকার অনেক অনুদান দিলেও তিনি কিছুই পাননি।

নলিয়ান গ্রামের বাসিন্দা নগেন্দ্রনাথ ঢালী (৬৫) ও গুনারী বাজার এলাকার আবুল কাশেম গাজীর (৫৫) অবস্থাও তথৈবচ। তাঁরা উভয়ে একসময়ের সচ্ছল কৃষক। উৎপাদিত ধানে তাঁদের বছর চলে যেত। কিন্তু আইলার দাপটে সব কিছু খুইয়ে এখন রাস্তার ওপর বাস করেন। একই অবস্থা কয়রা, আশাশুনি ও শ্যামনগর উপজেলায়ও। কয়রার গাতিরঘেরি গ্রাম, আশাশুনির প্রতাপনগর, শ্যামনগরের গাবুরা ও পদ্মপুকুর হতেও সাম্প্রতিককালে অনেকেই এলাকা ছেড়ে অন্যত্র যেতে বাধ্য হয়েছেন।

ইয়াশে বাঁধের ভাঙ্গনে ডুবে যাওয়া সুন্দরবন পাড়ের কয়রা উপজেলার গাতির ঘেরী গ্রামের বিধ্বস্ত বাড়ি

ইয়াশে বাঁধের ভাঙ্গন, সামনে বিধ্বস্ত গাতিরঘেরী গ্রাম

নদী-বাঁধের উপর বসতি, গাতিরঘেরী, কয়রা; শাকবেড়িয়া নদীতীরে

রাস্তার উপর বসতি, গাতিরঘেরী

জনপ্রতিনিধিরা কি বলছেন

এলাকা ছেড়ে চলে যাওয়া সম্পর্কে সুতারখালী ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডের সাবেক ইউনিয়ন পরিষদ সদস্য বাসুদেব রায় একটি ব্যাখ্যা দেন। তাঁর মতে, কাজের সুযোগ না থাকা এবং জীবন-জীবিকা চলার উৎস একেবারে বন্ধ হয়ে যাওয়ায় মানুষ এলাকা ছাড়ছে। কেউ তো আর জন্মভিটা ছেড়ে যেতে চায় না; কিন্তু যাচ্ছে, যেতে বাধ্য হচ্ছে। তিনি আরো জানান, নোনা পানির দাপট থেকে মুক্ত থাকার জন্য স্বাধীনতার আগেই এখানে মাটির বাঁধ দিয়ে (নদী-বাঁধ বা পোল্ডার) নদীর নোনা পানি আটকানো হয়েছিল। কিন্তু পরে সেই বাঁধ কেটে চিংড়ি চাষ শুরু হলো। আর তিন দশকের অধিক সময় চিংড়ি চাষ করার কারণে এখানকার মাটি ও পানি নোনায় সয়লাব হয়ে যায়। কোনো গাছপালা নেই। সবজি ফলে না। ধান চাষও মানুষ ঠিকভাবে করতে পারে না। আছে চিংড়ি, আর নদী থেকে চিংড়ির পোনা ধরা। গরিবরা নদী থেকে চিংড়ির পোনা ধরে। চিংড়ি চাষের জন্য নোনা পানি প্রবেশ করানোয় বাঁধের অসংখ্য জায়গায় ছিদ্র করা এবং স্থানে স্থানে কাটার ফলে বাঁধ দুর্বল হয়েছে। এখন সামান্য জোয়ারের পানির তোড়েই তা ভেঙ্গে যায়। আইলার আঘাতে বাঁধ ভেঙে এলাকাটি দুই বছর জলমগ্ন ছিল। ফলে জীবন-জীবিকা টিকিয়ে রাখতে মানুষ এলাকা ছাড়ছে।

দাকোপ উপজেলা ভাইস চেয়ারম্যান গৌরপদ বাছাড় বলেন, পরিবারগুলোকে পুনর্বাসন করার জন্য তিনি সরকারি- বেসরকারি পর্যায়ে আলাপ-আলোচনা করছেন। কোথাও খাসজমি পাওয়া যায়নি, তাই এদেরকে পুনর্বাসন করা সম্ভব হয়নি।

তাঁর মতে, আইলার কারণে চারদিকে নদীবেষ্টিত কামারখোলা ও সুতারখালী ইউনিয়ন সবচেয়ে বেশি ক্ষতির মুখে পড়ে। বাঁধ ভেঙে নদীর নোনা পানিতে দুই বছরেরও বেশি সময় এলাকা ডুবে ছিল। এলাকায় কোনো ফসল ফলেনি। ঘরবাড়ি ধসে যায়। ফলে মানুষজন উপায়হীন হয়ে এলাকা ছাড়তে শুরু করে। যার যেখানে সুবিধা আছে, সে সেখানেই গেছে। প্রকৃতপক্ষে, এখানে মানুষের জীবন-জীবিকা টিকিয়ে রাখার সুযোগ তৈরি করা খুবই কঠিন কাজ। রাষ্ট্রকে এ ব্যাপারে সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে এগিয়ে আসতে হবে। তা না হলে এই এলাকায় জলবায়ু উদ্বাস্তু মানুষের মিছিল ঠেকানো যাবে না। তাঁর কথায়, 'আইলা-দুর্গত অনেক মানুষ এলাকা ছেড়ে গেছে। তাদের অনেকে যেমন ভারতে গেছে, তেমনি বান্দরবান, রাঙামাটিতেও গেছে। গুটিকয়েক মানুষ এখনও বাঁধের পাড়ে বসবাস করছেন।'

আইলা, আম্ফান, ইয়াশ-এর প্রভাব

ঘূর্ণিঝড় আইলার আঘাতে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের খুলনা ও সাতক্ষীরায় প্রাণ হারান ১৯৩ জন। দুই লাখ ৪৩ হাজার ঘরবাড়ি সম্পূর্ণ বিধ্বস্ত হয় এবং ৯৭ হাজার একরের আমন ফসল পুরোপুরি নষ্ট হয়। প্রাথমিকভাবে আইলার ক্ষয়ক্ষতি খুবই কম হলেও দীর্ঘমেয়াদে এর ভয়ংকর প্রভাব পড়ে। ঘূর্ণিঝড়ের সঙ্গে ধেয়ে আসা জলোচ্ছ্বাসে খুলনার দাকোপ ও কয়রা এবং সাতক্ষীরার শ্যামনগর ও আশাশুনি উপজেলার ৭১১ কিলোমিটার বেড়িবাঁধ বিধ্বস্ত হয়। ১২টি ইউনিয়নের ২২৫টি গ্রাম পুরোপুরি নোনাপানিতে তলিয়ে যায়। ঘরবাড়ি ও পেশা হারিয়ে উপদ্রুত এলাকা থেকে বাস্তুহারা হয়ে পড়ে দুই লাখ ৯৭ হাজার মানুষ।

২০০৯ সালের ২৫ মে ঘূর্ণিঝড় আইলা আঘাত হানে। এর চার দিন আগে ২১ মে উত্তর ভারত মহাসাগরে এই ঘূর্ণিঝড়টির জন্ম হয়। আর বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমে এবং ভারতের দক্ষিণ-পূর্বাংশে ২৫ মে আঘাত হানে। আইলা খুলনা ও সাতক্ষীরার উপকূলীয় উপজেলা ছাড়াও পটুয়াখালী, বরগুনা, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, নোয়াখালীর হাতিয়া ও নিঝুম দ্বীপে জানমালের ব্যাপক ক্ষতি করে। সরকারি হিসাবে, আইলায় খুলনা জেলার দাকোপ ও কয়রা উপজেলার প্রায় ১৫ হাজার মানুষ বিভিন্ন বেড়িবাঁধে ঝুপড়ি (তাঁবুর মতো ঘর) বেঁধে ঠাঁই নেয়।

২০০৯-র পরে আগত ঘূর্ণিঝড় গুলি যেমন মহসেন, বুলবুল বাংলাদেশের সুন্দরবন সংলগ্ন এলাকায় আঘাত করেনি; এমনকি ২০২০-র ২০ মে ঘূর্ণিঝড় আম্ফান (উমপুন) এবং ২০২১-র ২৬ মে ইয়াশ-এরও সামান্য আঁচড় পড়ে; এর মূল আঘাতটি ছিল ভারতের পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্যে। আম্ফান ও ইয়াশে দাকোপ উপজেলায় কোন ক্ষতি না হলেও খুলনা জেলার কয়রা উপজেলা এবং সাতক্ষীরা জেলার আশাশুনি ও শ্যামনগর উপজেলার একাধিক জায়গায় বাঁধ ভেঙ্গে ব্যাপক এলাকা পানিবন্দী হয়ে পড়ে। এসব এলাকা হতেও মানুষ স্থানত্যাগ করছে। তবে কেউ কেউ আবারও এলাকায় ফিরে এসেছে।

মাইগ্রেশন, ডিসপ্লেসমেন্ট, না-কি এনভায়রনমেন্টাল মাইগ্রেন্ট

ইংরেজি মাইগ্রেশন শব্দটির বাংলা অর্থ এক স্থান বা দেশ বা বিশ্ববিদ্যালয় হতে অন্য স্থান, দেশ বা বিশ্ববিদ্যালয়ে গমন (বাংলা একাডেমি, ইংরেজি বাংলা অভিধান; পৃং ৪৭৬, ফেব্রুয়ারি ২০০৯)। একে এক কথায় স্থানান্তর বলা যায়। ডিসপ্লেসমেন্ট শব্দটির বাংলা অর্থ স্থানচ্যুতি বা স্থানচ্যুতকরণ (প্রগুক্ত, পৃং ২১৭)। মানুষের স্থানান্তর বা হিউম্যান মাইগ্রেশন কথাটি প্রসঙ্গে উইকিপিডিয়া বলছে, এর দ্বারা মানুষের এক স্থান হতে অন্য স্থানে গিয়ে সাময়িকভাবে বা স্থায়ীভাবে বসবাস বোঝায়। স্থানান্তরের

এই বিষয়টি এক দেশ হতে অন্য দেশে হয়ে থাকে; তবে দেশের মধ্যেও স্থানান্তর বা মাইগ্রেশন হয়ে থাকে। সাধারণভাবে ভালো সুযোগ-সুবিধার আশায় মাইগ্রেশন হয়ে থাকে[১]। ডিসপ্লেসমেন্ট শব্দটি মূলত জ্যামিতিতে ব্যবহারের মধ্যে দিয়ে উদ্ভূত, যা এখন নানা ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। এই আলোচনাতেও ডিসপ্লেসমেন্ট শব্দটি স্থানান্তর বোঝাতে ব্যবহৃত হয়েছে। তবে বোধ করি এর জন্যে যুতসই শব্দটি হচ্ছে এনভায়রনমেন্টাল মাইগ্রেন্ট। উইকিপিডিয়া এই শব্দ-যুগলের ব্যাখ্যায় বলেছে, আচমকা ও ধীরগতির পরিবেশগত পরিবর্তনের ফলে এক স্থান হতে অন্য স্থানে চলে যেতে বাধ্য হওয়া[২]। আলোচনাটিতে যেসব মানুষের স্থানান্তরের কথা বলা হয়েছে, তারা পরিবেশগত বিপর্যয়ের কারণেই চলে যেতে বাধ্য হয়েছেন। তাই তাঁরা এনভায়রনমেন্টাল মাইগ্রেন্ট।

নীতি নির্ধারণীরা কি ভাবছেন

সাধারণভাবে এখনও নীতি-নির্ধারণী পর্যায়ের মানুষেরা স্থানান্তর বা মাইগ্রেশন বিষয়টিকে স্বীকার করতে চান না। স্থানীয় কর্তৃপক্ষের কাছে এ সংক্রান্ত কোন তথ্য-উপাত্ত নেই। এ বিষয়ে খোঁজ-খবর বা অনুসন্ধান করাটাকেও সহজভাবে দেখা হয় না। সব-কিছুতেই কেমন যেন একটি লুকোছাপাভাব। তবে সত্যিটা হচ্ছে, দুর্যোগে-দুর্ভোগে নিরুপায় মানুষগুলো এলাকা ছাড়ছেন। যাওয়ার ক্ষেত্রে মানুষ যে জায়গাটি তার জন্যে সহজ বিবেচনা করছেন, বিশেষত আয় ও অবস্থানের দিক দিয়ে সুবিধাজনক স্থানকেই স্থায়ী বসবাসের জন্য মানুষ বিবেচনা করছেন। তবে, ক্লাইমেট মাইগ্রেন্ট-এর বিষয়টি উচ্চ পর্যায়ে বিশেষত জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘ আয়োজিত বৈঠকসমূহে আলোচিত হয়। দুনিয়া জুড়ে ক্লাইমেট রিফিউজি বা মাইগ্রেন্ট বিষয়টি আলোচিত, চর্চিত। বাংলাদেশের প্রধানমন্ত্রীও এই বিষয়টি নিয়ে উদ্বিগ্ন এবং বৈশ্বিক সভায় এ নিয়ে তিনি কথাও বলেছেন। ২০০৯ সালের সেপ্টেম্বরে জাতিসংঘ আয়োজিত এক উচ্চ পর্যায়ের আলোচনায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন,

'নদীভাঙ্গন, ভূমিধ্বস, ভূমিক্ষয়, বনধ্বংস প্রভৃতি কারণে দশ লক্ষাধিক মানুষ জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হয়েছে। তারা আমাদের জনবহুল শহরগুলিতে ভীড় করছে। চিন্তার বিষয় হল যে, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা এক মিটার বৃদ্ধি পেলে আমাদের মোট আয়তনের ১৮ শতাংশ ভূমি তলিয়ে যাবে, যেখানে দেশের মোট জনসংখ্যার এগারো শতাংশ মানুষ বসবাস করে।' ("River bank erosion, landslides, soil degradationand deforestation are causing millions of climate change refugees," the Prime Minister said. "They are already all over our thickly populated cities. What is alarming being that a metre-rise in sea level would inundate 18 per cent of our land mass, directly impacting 11 per cent of our people.")

তবে, এটিও ঠিক যে, জলবায়ু উদ্বাস্তু বা পরিবেশ বিপর্যয়গত কারণে ক্ষতিগ্রস্ত মানুষগুলোর পুনর্বাসনের ক্ষেত্রে দেশের অভ্যন্তরে কোন সুনির্দিষ্ট পরিকল্পনা বা কার্যক্রম নেই। অবশ্য, সরকারি পর্যায়ে জলবায়ু পরিবর্তনের বিষয়টি মানিয়ে নেওয়া (অ্যাডাপ্টেশন) এবং ক্ষতিপূরণ (মিটিগেশন)-এর প্রেক্ষাপটে বৈশ্বিক সহায়তায় বেশ কিছু প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

গ্রীন ক্লাইমেট ফান্ড-জিসিএফ-এর সহায়তায় মিটিগেশন-এর আওতায় –

- 'বস্ত্র ও রেডিমেড গার্মেন্টস (আরএমজি)-এর বেসরকারি খাতে এনার্জি সেভিং টেকনোলজি ও ইকুইপমেন্ট ব্যবহার উৎসাহিতকরণ (Promoting private sector investment through large scale adaptation of energy saving technologies and equipment for Textile and Readymade Garment (RMG) sectors of Bangladesh).

গ্রীন ক্লাইমেট ফান্ড-জিসিএফ-এর সহায়তায় অ্যাডাপ্টেশন-এর আওতায় –

- জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্তদের সহনশীলতা বৃদ্ধি (এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড (ইসিসিসিপি-ফ্লাড);
- জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট নোনার সাথে উপকূলীয় জনগোষ্ঠী বিশেষত: নারীদের বসবাসের সক্ষমতা বৃদ্ধি (Enhancing adaptive capacities of coastal communities, especially women, to cope with climate change indused salinity);
- জলবায়ু পরিবর্তনের সাথে মানিয়ে নিতে সক্ষম অবকাঠামো তৈরি (Climate Resilient Infrastructure Mainstreaming (CRIEM).

এছাড়াও বেসরকারি সংগঠনগুলো (এনজিও) জলবায়ু পরিবর্তনের সাথে মানুষকে খাপ খাইয়ে নিতে ছোট ছোট কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। অন্যদিকে, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ছাড়াও নদীভাঙন বাংলাদেশের অন্যতম প্রধান দুর্যোগ। প্রতিবছর প্রায় ৫,০০০ থেকে ৬,০০০ হেক্টর জমি নদীভাঙনে হারিয়ে যায়। এতে প্রতি বছর প্রায় এক লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতির পরিমাণ প্রতিবছর ২৫ কোটি ডলার[৪] আর ভিটে-মাটি হারানো মানুষেরা শহরমুখী হয়ে মানবেতর জীবন-যাপন শুরু করতে বাধ্য হয়। বর্তমানে সরকারি অর্থায়নেও বেশ কিছু প্রকল্প বাস্তবায়িত হচ্ছে; তবুও দু:খজনক হলেও সত্যি, পরিবেশগত বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষদের পুনর্বাসনে পরিকল্পিত কোন কার্যক্রম গৃহীত হয়নি।

পরিবেশগত বিপর্যয়ের ফলে মানুষ উদ্বাস্তু হচ্ছে বলা হলেও দেশান্তরী হওয়ার বিষয়টি সাধারণভাবে স্বীকার করা হয় না। কর্মসংস্থান ও অন্যান্য সুযোগের কারণে মানুষ উন্নত দেশগুলোয় যায়, সেখানে স্থায়ীভাবে বসবাসও করে। প্রতিবেশী দেশ হিসেবে ভারতে বিশেষত: বাংলাদেশ সংলগ্ন পশ্চিমবঙ্গ, আসাম ও ত্রিপুরায় বাংলাদেশের মানুষের অনেক আত্মীয়-স্বজন আছে, কেউ কেউ সেখানেও যান। তবে ১৯৪৭ উত্তর কাল হতে এটি একটি রাজনৈতিক ইস্যু। ধর্মের ভিত্তিতে দেশ গঠিত হওয়ার পর পূর্ব বাংলা (পূর্ব পাকিস্তান) হতে হিন্দু ধর্মাবলম্বীদের মধ্যে অনেকেই ভারতে গিয়ে স্থায়ীভাবে বসবাস শুরু করে। স্বাধীন বাংলাদেশ হতে ভারতে কেউ যায়, তা স্বীকার করা হয় না। অবশ্য, ভারত সরকার অনুপ্রবেশকারী তকমা দিয়ে বাংলাভাষীদের পুশব্যাক করানোর মত অমানবিক পদক্ষেপও অতীতে গ্রহণ করেছে। যাতে প্রতিবেশী দুই দেশের মধ্যে কূটনৈতিক বিতর্কও হয়েছে। যেহেতু ১৯৪৭-উত্তর কাল হতে এই দেশান্তরী হওয়াটি একটি রাজনৈতিক ইস্যু, তাই এটি পরিবেশগত ইস্যু হিসেবে কখনও আলোচনায় আসেনি।

দেশের অভ্যন্তরেও যে মানুষগুলো এক স্থান হতে অন্য স্থানে চলে যেতে বাধ্য হচ্ছেন, তারা ভয়াবহ আর্থিক বিপর্যয়ের মধ্যে পড়েন। নিজস্ব ঠিকানা হারিয়ে মানুষগুলো একপ্রকার ঠিকানাহীন হয়ে পড়েন। সম্পদ ও জীবিকা সংস্থান -দুটোরই ক্ষতি হয়। এতে বিপর্যস্ত মানুষগুলোর জীবিকার সংগ্রাম তথা টিকে থাকার সংগ্রাম প্রধান হয়ে ওঠে। এই দুর্গম পথে চলতে গিয়ে অনেকেই বিপথগামী হন, নারীরা হেনস্থা ও বিপর্যয়ের কবলে পড়েন, আবার অনেককেই বারেবারে স্থান বদল করতে হয়। স্থানান্তরের যে ছবিটি আমরা আগে বর্ণনা করেছি, তাতেও দেখা যায়, অনেকেই কাজের সুযোগ থাকায় দেশের মধ্যে দক্ষিণ-পশ্চিম অঞ্চল হতে একেবারে দক্ষিণ-পূর্বের পাহাড়ি অঞ্চল – রাঙ্গামাটিতে গিয়েছেন। আবার কেউ কেউ ভারতে গিয়েছেন, সেখানে কেউ কেউ আছেন; আবার অনেকে ফিরেও এসেছেন। এই টানাপোড়েন প্রধানত বেঁচে থাকার সংগ্রাম।

শেষের কথা

জলবায়ু পরিবর্তনজনিত কারণে দুনিয়াব্যাপী আবহাওয়ার খামখেয়ালী রূপ আমরা দেখতে পাচ্ছি। কয়েকদিন আগে আমেরিকা যুক্তরাষ্ট্রের একদিকে আগুন এবং অন্যদিকে বন্যার ভয়াবহ রূপ আমরা দেখলাম। জার্মানিতে বন্যা, অস্ট্রেলিয়ায় ও গ্রীসে দাবানল প্রভৃতির জন্যে জলবায়ু পরিবর্তনকেই দায়ী করা হচ্ছে। অবশ্য, বঙ্গোপসাগর ও ভারত মহাসাগরের উপকূলের দেশগুলোতে ঝড়, বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগের প্রভাব বরাবরই বিদ্যমান। ধনী উন্নত দেশগুলোর অতিরিক্ত কার্বন নি:সরণজনিত কারণে ভূ-পৃষ্ঠের তাপমাত্রা বাড়ছে, উত্তরের বরফ গলছে, সমুদ্রের জলস্তর বাড়ছে, আগের চেয়ে

অনেক বেশী ঘূর্ণিঝড় তৈরি হচ্ছে। উপকূলীয় দেশগুলো সমুদ্রস্তর বৃদ্ধি পাওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে। অদূর ভবিষ্যতে উপকূলের অনেক এলাকা ধীরে ধীরে ডুবে যাবে। আর, বিপুল সংখ্যায় মানুষ সম্পদ, বাসস্থান ও কাজ হারিয়ে উদ্বাস্তু হচ্ছে, হবে।

এই উদ্বাস্তু মানুষগুলোর দায় কে নেবে? এটা কি শুধুমাত্রই ভুক্তভোগী দেশ/দেশগুলোর সমস্যা, না-কি জলবায়ু পরিবর্তনের জন্যে যে দেশগুলো দায়ী, তারাই আসল দোষী। যদি তাই হয়, তবে ওই দেশগুলোর উপরই এই জলবায়ু উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়ও বর্তায়। অবশ্য, ধনী-উন্নত দেশগুলো এই দায় এড়িয়ে জলবায়ু দুর্যোগকে মানিয়ে নিতে বা দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা তৈরিতে ঋণ দিতে শুরু করেছে। যা আর এক ধরনের বিনিয়োগ! জলবায়ু-দুর্যোগকে নিয়েও ব্যবসা শুরু হয়েছে।

ছবিঋণঃ লেখক। লেখার ভিতরের ছবিগুলি ২০২১ সালের ১৬ই আগস্ট ও ২০শে আগস্ট তোলা হয়েছে।

ব্যবহৃত কয়েকটি শব্দের ব্যাখ্যা:

ইউনিয়ন পরিষদ: কয়েকটি গ্রাম নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত। স্থানীয় পর্যায়ের সর্বনিম্ন নির্বাচিত ইউনিট। ইউনিয়ন পরিষদে এলাকাবাসী ভোট দিয়ে একজন চেয়ারম্যান, ৯ জন সদস্য (৯টি ওয়ার্ড, ইউনিয়নকে ৯টি অংশে বিভক্ত করা, যার এক একটিকে ওয়ার্ড বলা হয়) এবং সংরক্ষিত তিনটি নারী সদস্য সরাসরি ভোটে নির্বাচিত হন।

উপজেলা: এটি প্রশাসনিক কাঠামোর সর্বনিম্ন স্তর। কয়েকটি ইউনিয়ন পরিষদ নিয়ে উপজেলা গঠিত। এর প্রশাসনিক প্রধান উপজেলা নির্বাহী অফিসার। এলাকাবাসীর ভোটে নির্বাচিত হন একজন উপজেলা চেয়ারম্যান, দু'জন ভাইস-চেয়ারম্যান। এটি অনেকটা ভারতের পশ্চিমবঙ্গের ব্লক-এর মতো।

তথ্যসূত্র

*****

Dushkal: A Study in Climate Change Risk Perception from The Fields of Gujarat

Dr. Nairwita Bandyopadhyay

Cover Credit : Internet Stock Photos

"*Every field has a Eucalyptus tree. If it over blooms, it is indicative of the fact that there will be sufficient rainfall*", a farmer in Kothasanamota, in his 60s, explained.

"Similarly, by watching the small black '*chakli*' (Indian Robin/sparrow), we can estimate the occurrence of drought. If their black colour turns blue, it means drought is coming. Changing colours is common in chaklis, especially during impending droughts. Also, if they sit on empty branches, it is believed to be a drought year."

Droughts are initiated due to changes in precipitation patterns and a reduction in the precipitation amount, resulting in a sudden and acute deficiency of soil moisture as well as surface-water and groundwater resources. However, this is more of a generalised description. In practice, droughts are a protean phenomenon. They manifest a number of conflicting characteristics that resist any attempt to reduce them to a singular category. For instance, meteorological drought is a result of inadequate rainfall and the deficiency of soil moisture which, in turn, leads to vegetative drought. When this influences the groundwater level and the minimum availability of groundwater reaches below average level, it leads to hydrological drought. Intense, continuous, or frequent meteorological and hydrological droughts cut the supply of moisture to plants, leading to vegetative and agricultural droughts. Recurrent agricultural droughts not only cause huge economic loss for the country but also flare up the price of food grains and other essential goods and commodities, triggering mass migration, poverty, exploitation of women and suicide. All of these result in a vicious cycle of damage to every sphere of life.

In this context, risk perception influences the mitigation of the problem. Faulty perception could result in time and money wasted in mitigation and preparation of a risk that threatens them to a greater degree. People respond to the way they process

the information about a hazard. Often, it has been observed that a flawed perception can lead to untimely reactions leading to greater loss.

A period of water scarcity assumes a new meaning for farmers of different villages of Gujarat, though chiefly identified in local language as '***Dushkal***' or '***Dukal***'. This blanket term perhaps encompasses what a drought may mean for these farmers, a 'bad' time, a period of infertility and dearth.

In this article, we will be looking at how people respond to the changing climate particularly in an agriculture-based state such as Gujarat, in the northern districts which are hit by droughts every 3-5 years in a 10-year period. Narratives collected from people in the course of field research helped us explore the range of responses to scarcity situations and the changing nature of water resources in nine villages of Gujarat. The different villages were:

- Upalagoda in Amirgadh Taluka of Banaskantha
- Kothasanamota of Satlasana Taluka in semi-arid Mehsana
- Nanakantharia and Laxmanpura in semi-arid Bhiloda Taluka of Sabarkantha
- Idata in arid Tharad
- Lodhrani in arid Vav in Banaskantha district
- Lodai,Berdo and Dhrang in the severely arid Kutch

All these study areas were highly drought-prone, where temperature and rainfall played a major factor, contributing to regular occurrences of drought and depleting the underground water table. Kutch also suffered from problems arising out of salinization.

Narratives From the Field:

Rooted in the traditions of the region, women in Gujarat do not speak up in front of elderly men. So, when we approached them, the women of the village were surprised to find that they were also being interviewed for the study, that their opinions were important and would have some influence on our research or, at a higher level, even policy-making.

For the purpose of this study, we interviewed a number of farmers from the region. Qualitative, **in-depth interviews** typically are much more like conversations than formal events with predetermined response categories. The researcher explores a few general topics to help uncover the participant's views but otherwise respects how the participant frames and structures the responses. The interviews session with the people of the village helped us gain a lot of information about their lifestyle, their response to drought and their mitigation strategies. A thorough **group discussion** was held with the *patwari*, *mamlatdar* and the teacher of the village and this helped us rope in a lot of information about the village. They gave us a lot of extra information about the programmes and policies run by the government and also the impact of the drought on the lives of the people.

Our field study was based on an analysis of the interviews of both male and female respondents during group discussions. The interview was based on the principles of confidentiality and anonymity and only one interpreter was present as the language was alien to the researcher. Gender became the key variable in our interviews in that we approached men and women differently. The idea was also that the experiences and perceptions of women would be different from those of men and that they may not feel comfortable in sharing their versions in front of men. The decision to interview men and women separately was thus taken also keeping in view that such isolations may encourage women to speak.

Perception About Climate Change: Meaning, Identification, Causes And Occurrence

According to Paul Slovic, Baruach Fischhoff and Sarah Lichtenstein, "People respond to the hazard they perceive." Thus, people do not respond to hazards that they do not perceive. Since risk is a possibility, its parameters are defined by the guesswork or the perception of risk by the individual. Overcoming the factor of risk depends upon how well the individual or group evaluates the possibilities and predicts the consequences of the negative outcome.

Giving The Hazard A Name:

Different farmers defined 'drought' differently. For farmers of Kothasanamota in Mehsana, the **lack of rainfall or the excess of it, both signify drought**. "Drought, to us, means a lack of rainfall as well as an excess of it. In both cases we suffer crop loss. If there is excess rain and crop loss because of it, we call it ***green drought***," a local farmer from among a group of about 20, explained. This is an instance of meteorological drought leading to vegetative drought.

In Lodai village in Kutch, people like to keep things simple. “If there is no water, then there is drought. If there is water in the well, we know that there is no drought,” explained a farmer. This is an instance of hydrological drought.

“*Rainfall is in the hands of almighty*,” an old farmer in Sabarkantha’s Nanakantharia village declared. “If there is no rainfall, there is drought. If there is rainfall, there is no drought.” Overhearing the discussion from a few metres away, a middle-aged mother of two put in her take: “Drought is when there is a heat wave.” This is another instance of a meteorological drought. A few more female farmers of the village elaborated on what they perceived as drought. “When there is less water for drinking and irrigation in bore wells and hand pumps, we get to know that there will be a drought”. This, again, is a hydrological drought.

Photo Showing People Digging The Soil In Search Of Water At Kutch

Identification

Much like the meaning of drought, its identification, too, has various parameters, relying heavily on villagers' accrued knowledge through the years.

The prognosis of drought can be made through a host of **traditional hints such as the state of the trees, the direction of the wind, animal mannerisms,** and the like.

Another potential indicator of drought is the water level of the wells, farmers said. "Water can be found till 115 feet, beyond which there is granite, which doesn't let water percolate. The water level has gone down some 300-400 metres in the last 25 years. Before that, the drop in level used to be 20-25 metres. Off late, the level is dropping 20-25 metres every year, and if this continues, it will create problem for drinking, irrigation and everything related to it. Typically, if the well is 120-125 feet deep, only then there is water in the current scenario," a local farmer observed.

A woman who has been living in Nanakantharia village of Sabarkantha for almost 22 years now, since her marriage recalled that there was severe drought after 1992. Drought is when there is a heat wave, when the "paan" trees shed their leaves", we know there will be a drought in 15-20 days. An old man in the same village added, "The trees shed their leaves, we can understand". Another woman in the same village had a different view. According to her, it was easy to tell a drought year after a moist spell in the previous year, but in case of consecutive dry years, it was not easy to localise the drought.

She said, "How will we know if there's going to be a drought? If it stretches across two consecutive years, we can hardly differentiate between a drought year and a regular one, as it is almost the same as last year.

We can only tell it apart when there is a period of dry spell after a moist year. All the livestock died, 25 years ago – we could not understand that it will be a drought that year."

In all the villages that were surveyed, there was this consensus that the climate had changed but there was limited understanding as to why it had changed. The common refrain was: '*Prakruti ki baathai*'. They mostly held nature responsible for all their misfortune.

Photo Showing Girls Carrying Water For Household From The Canal Where Water Is Available

Perceiving The Causes:

Responding to questions, the majority of the farmers and local people pointed at a scarcity of water both for drinking and for agriculture; a fall in the depth of water in the wells, the loss of crops, and unemployment as indicators of the onset of drought.

For the people of Laxmanpura, the over-extraction of water by rich farmers following the Green Revolution is what probably caused the depletion of the ground

water table. According to one of the farmers, “Previously, there used to be a well which had water throughout the year even in severe dry conditions. It was used later for irrigating the crops during drought season fearing crop losses”. It was made even more deep by the rich people.

